# জুমে (ZÚME)

জুমে গাইডবুক

# সূচিপত্র


স্বাগত, 3
এস ও এ পি এস বাইবেল পাঠ, 5
বাধ্যবাধকতা পালনের দায়িত্বের দল, 6
প্রার্থনা চক্র, 9
১০০ জনের তালিকা, 10
ঈশ্বরের গল্প (সুসমাচার), 15
সৃষ্টি থেকে বিচার, 15
বাপ্তিষ্ম, 17
৩ মিনিটের সাক্ষ্য, 19
প্রভুর ভোজ, 20
প্রার্থনা করতে করতে হাঁটা, 22
দি বি এল ই এস এস প্রার্থনা, 23
৩/৩ দলের ফরম্যাট, 25
প্রশিক্ষণের চক্র, 27
নেতৃত্বের দল, 29
৩ মাসের পরিকল্পনা, 30
কোচিং চেকলিস্ট, 32
সমবয়স্কদের পরামর্শদাতার দল, 35
চার ক্ষেত্রের লক্ষণ, 37
সাধারণ মণ্ডলী -
প্রজন্মের ম্যাপ, 38
পরিশিষ্ট, 39

# জুমে (ZÚME) প্রশিক্ষণে স্বাগত!

আমরা খুশি যে আপনি এখানে!

জুমে (ZÚME) প্রশিক্ষণ হচ্ছে একটা শেখার অভিজ্ঞতা যা ছোট দলের জন্য পরিকল্পিত যারা যীশুকে অনুসরণ করে যেন শেখে কেমন করে তাঁর মহান দায়িত্ব নিতে বাধ্য হওয়া যায় এবং শিষ্য করবে যারা বৃদ্ধি পাবে।

## অধিবেশন ফরম্যাট

জুমে (ZÚME) প্রশিক্ষণ-এর ৯টি মৌলিক অধিবেশন এবং ১টি পরিণত অধিবেশন আছে (আপনার প্রশিক্ষণ শেষ হওয়ার পর আপনার দল আবার এটিতে ফিরে আসতে পারে)। প্রত্যেক অধিবেশন প্রায় ২ ঘন্টা এবং এতে আছেঃ

- ভিডিও এবং অডিও আপনার দলকে সাহায্য করবে শিষ্য বৃদ্ধির মৌলিক নীতিগুলো বুঝতে।
- দলভিত্তিক আলোচনা আপনার দলকে সাহায্য করবে যা বলা হয়েছে সে বিষয় চিন্তা করতে।
- সাধারণ অনুশীলন আপনার দলকে সাহায্য করবে যা শিখেছে তা করতে।
- অধিবেশনের চ্যালেঞ্জ আপনার দলকে সাহায্য করবে অধিবেশনের মধ্যে শিখতে ও বৃদ্ধি পেতে।

## প্রার্থনা দিয়ে শুরু এবং শেষ করা

পৃথিবীর নানা প্রান্তে যীশুর অনেক অনুগামীরা ইতিমধ্যে আপনার ও আপনার দলের জন্য প্রার্থনা করছে, এবং আপনি যখন এই উপাদান নিয়ে কাজ করবেন আমরাও প্রার্থনা করে যাব। নিশ্চিত হবেন যান আপনার দলও প্রার্থনা করার সুযোগ পায়।

প্রত্যেক অধিবেশনের আগে, আপনার দলের একজনকে (অথবা কয়েকজনকে) বলুন ঈশ্বরের আত্মাকে আহ্বান করতে যেন তিনি আপনার হৃদয় প্রস্তুত করেন এবং আপনার সময়কে পরিচালনা করেন। ঈশ্বরকে জানার ও তাঁকে আর ভালোবাসার সুযোগ দেওয়ার জন্য ধন্যবাদ দিতে ভুলবেন না – যা তিনি সকলের কাছে চান!

প্রত্যেক অধিবেশনের শেষে, দলগতভাবে আবার আপনার প্রার্থনা করার সুযোগ থাকবে। নিশ্চিত করে সুযোগ নেবেন ঈশ্বরের কাছে চাইতে যেন তিনি আপনাকে সাহায্য করেন বুঝতে, প্রয়োগ করতে এবং অন্যদের কাছে বলতে যা তিনি অন্যদের সঙ্গে আপনাকে শিখাচ্ছেন। আপনার দলের নির্দিষ্ট প্রয়োজনের জন্য প্রার্থনা করতে ভুলবেন না।

## দলভিত্তিক আলোচনা

আপনার দলের সঙ্গে আপনি যা শিখছেন সে বিষয়ে কথা বলার জন্য আপনি যথেষ্ট সুযোগ পাবেন। যদি লেখার কিছু না থাকে, দলভিত্তিক আলোচনা প্রায় ১০ মিনিট হওয়া উচিত। প্রত্যেককে অংশ গ্রহণ করতে ও চিন্তা ভাগ করতেতে অনুপ্রাণিত করবেন। ঈশ্বর হয়তো কারও মাধ্যমে দলকে শিক্ষা দিতে চাইছেন সেই সুযোগ হারাবেন না।

## পরীক্ষা করা

কোর্সের সর্বক্ষেত্রে আপনার দলের সুযোগ থাকবে একে অপরকে পরীক্ষা করা দেখতে যে আপনি যা শিখছেন তার কেমন বাধ্য হচ্ছেন এবং অন্যকে বলছেন। প্রশিক্ষণের এই অংশটি এড়িয়ে যাবেন না, কিন্তু বিচার করার বিষয় সাবধানতা অবলম্বন করবেন। ঈশ্বরকে বলুন আপনাকে কোমল হৃদয় দিতে যেন আপনি অন্যদের সঙ্গে বৃদ্ধি পান!

শুরু করার জন্য প্রস্তুত? চলুন শুরু করি!

## অধিবেশন ০১

এই অধিবেশনে, আপনার দল জুমে (ZÚME) প্রশিক্ষণের বিষয় জানতে পারবে, শিষ্য তৈরি করার দুটি মৌলিক নীতি শিখবে এবং শিষ্য যারা বৃদ্ধি করবে তাদের আবিষ্কার করার দুটি সাধারণ প্রণালী শিখবে।

## এস ও এ পি এস বাইবেল পাঠ

যীশুর অনুগামী হিসাবে আমাদের প্রতিদিন শাস্ত্র পড়া উচিত। একটি ভালো গাইডলাইন হল প্রতি সপ্তাহে অন্তত ২৫-৩০টি অধ্যায় যেন পড়ি। এস ও এ পি এস ব্যবহার করে দিনপঞ্জী রাখা। বাইবেল পড়ার ফরম্যাট আপনাকে বুঝতে, বাধ্য হতে এবং আরও অন্যদের কাছে বলতে সাহায্য করবে।

- শাস্ত্রঃ একটি অথবা দুইটি পদ লিখুন যেগুলো আপনার কাছে অর্থবহ, বিশেষ করে আজকে।
- পর্যবেক্ষণঃ সেই পদগুলি অথবা গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিজের কথায় লিখুন যেন ভালোভাবে বুঝতে পারেন।
- প্রয়োগঃ সেই আজ্ঞাগুলি আপনার জীবনে ব্যবহার করার অর্থ কি সেই বিষয় চিন্তা করুন।
- প্রার্থনাঃ ঈশ্বরের উদ্দেশ্যে একটি প্রার্থনা লিখুন তাঁকে বলতে আপনি কি শিখেছেন ও কেমন করে তাঁর বাধ্য হবার পরিকল্পনা করছেন।
- অন্যকে বলাঃ ঈশ্বরকে জিজ্ঞাসা করুন যে আপনি যা শিখেছেন/প্রয়োগ করেছেন তা কাকে বলবেন।

এখানে একটি উদাহরণ দেওয়া হল যে কেমন করে এস ও এ পি এস কাজ করেঃ

এস – "কারণ সদাপ্রভু কহেন, আমার সঙ্কল্প সকল ও তোমাদের সঙ্কল্প সকল এক নয়, এবং তোমাদের পথ সকল ও আমার পথ সকল এক নয়। কারণ ভূতল হইতে আকাশমণ্ডল যত উচ্চ, তোমাদের সঙ্কল্প হইতে আমার সঙ্কল্প তত উচ্চ।" যিশাইয় ৫৫:৮-৯

ও - মানুষ হিসাবে আমি যা জানি এবং আমি যা করতে পারি তার সীমাবদ্ধতা আছে। ঈশ্বর কিছুতেই সীমিত নন। তিনি সবকিছু দেখেন ও জানেন। তিনি যে কোন কিছু করতে পারেন।

এ - যেহেতু ঈশ্বর সবকিছু জানেন এবং তাঁর পদ্ধতি সব থেকে ভালো, আমি জীবনে আরও বেশি সাফল্য লাভ করতে পারি যদি আমি নিজের উপর নির্ভর করে কাজ না করে তাঁকে অনুসরণ করি।

পি – প্রভু আমি জানিনা কেমন করে ভালো জীবন যাপন করব যা তোমাকে সন্তুষ্ট করবে এবং অন্যদের সাহায্য করবে। আমার পথে ভুল হয়। আমার চিন্তা আঘাত করে। পরিবর্তে, দয়া করে তোমার পথ ও চিন্তা আমাকে শিখাও। আমি যখন তোমাকে অনুসরণ করি তখন তোমার পবিত্র আত্মা যেন আমাকে পরিচালনা করেন।

এস – আমি এই পদগুলি ও প্রয়োগগুলি আমার বন্ধু স্টিভের সঙ্গে ভাগ করব, কারণ সে সমস্যার মধ্যে দিয়ে যাচ্ছে এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে তার সঠিক দিশা প্রয়োজন।

## বাধ্যবাধকতা পালনের দায়িত্বের দল

বাধ্যবাধকতা পালনের দায়িত্বের দল গঠন করা হয় একই লিঙ্গের দুই অথবা তিন জনকে নিয়ে – পুরুষের সঙ্গে পুরুষ, মহিলার সঙ্গে মহিলা – যারা সপ্তাহে একদিন মিলিত হয়ে এক গুচ্ছ প্রশ্ন নিয়ে আলোচনা করবে যা সাহায্য করবে সেই সকল ক্ষেত্রে যেখানে সঠিক কাজ হচ্ছে এবং যে সকল ক্ষেত্রে যেখানে সংশোধনের প্রয়োজন। তারা যদি সামনা সামনি মিলিত হতে না পারে তাহলে তারা ফোনেও যোগাযোগ করতে পারে। দলের মধ্যে সকলে যেন বোঝে যে যা কিছু নিজেদের মধ্যে বলা হয়ে থাকে তা গোপনীয়।

কার্যকলাপ (৪৫ মিনিট) - একই লিঙ্গের দুই অথবা তিন জনকে নিয়ে দল গঠন করুন। এক সঙ্গে নীচে দেওয়া বাধ্যবাধকতা পালনের দায়িত্বের প্রশ্নের তালিকা ২ নিয়ে পরের ৪৫ মিনিট ব্যয় করুন। যাহেতু আপনি এই অধিবেশনের আগে কোন দলগত পাঠ করেননি, আগের পাঠের প্রশ্নগুলি এড়িয়ে যান। পরিশিষ্টের তালিকা ১-এ সুযোগ আছে যখন আপনি আরও কিছু রুপায়ণ করতে পারবেন।

**বাধ্যবাধকতা পালনের প্রশ্ন প্রশ্নাবলী - তালিকা ১**

প্রার্থনা করুন যেন আমরা যীশুর মতন হতে পারি।
আপনি কেমন করছেন? আপনার প্রার্থনার জীবন কেমন?
আপনার কি স্বীকার করার মতন কোন পাপ আছে? (সম্পর্কযুক্ত, যৌনতা সম্বন্ধীয়, আর্থিক, অহংকার, সততা, কর্তৃপক্ষের কাছে আত্মসমর্পণ করা, ইত্যাদি।)
ঈশ্বর আপনাকে গতবারে যা বলেছিলেন আপনি কি বাধ্য হয়েছিলেন? বিশদভাবে বলুন।
আপনি কি আপনার আত্মীয়দের তালিকায় "অবিশ্বাসীদের" জন্য প্রার্থনা করেছিলেন? তাদের মধ্যে কারো কাছে কি আপনি বলার সুযোগ পেয়েছিলেন? বিশদভাবে বলুন।
আপনি কি এই সপ্তাহে একটি নতুন পদ মুখস্ত করেছেন? সেটি মুখস্ত বলুন।
আপনি কি এই সপ্তাহে বাইবেল থেকে অন্তত ২৫টি অধ্যায় পড়েছেন? ঈশ্বর বাক্য থেকে এই সপ্তাহে আপনাকে কী বলেছেন?
আপনি সেই বিষয় নির্দিষ্টভাবে কী করবেন?
আপনি কি এই সপ্তাহে আপনার ৩/৩-এর দলের সঙ্গে বসেছিলেন? সেটি কেমন হয়েছিল?
আপনি কি কাউকে এই সপ্তাহে ৩/৩ দলের জন্য আদর্শ বা সহায়তা করেছেন? বিশদভাবে বিবরণ দিন।
খ্রীষ্টের সঙ্গে চলার পথে আপনি কি আমার কিছু দেখছেন যা বাধা সৃষ্টি করছে?
এই সপ্তাহে আপনার কি অন্যকে সুসমাচার বলার কোন সুযোগ এসেছিল? বিশদভাবে বিবরণ দিন। এখনই সাক্ষ্য এবং সুসমাচার বলার জন্য ১-৩ মিনিট অনুশীলন করুন।
আপনি আগামী সপ্তাহে এই দলে কাকে আমন্ত্রণ করতে পারবেন? যদি দলে চারজন অথবা তার থেকে অধিক থাকে, তার সংখ্যা বৃদ্ধি করুন। আপনি যা বলেছেন সেই বিষয় দিয়ে প্রার্থনা করে শেষ করুন।

**বাধ্যবাধকতা পালনের দায়িত্বের প্রশ্ন – তালিকা 2**

গত সপ্তাহের পাঠে আপনার অন্তর্দৃষ্টি আপনাকে কেমন সাহায্য করেছে আপনার চিন্তা ও জীবনযাপনের ক্ষেত্রে?
গত সপ্তাহের অন্তর্দৃষ্টি আপনি কেমন করে অন্যকে বলেছেন এবং কেমন করে সেগুলি গৃহীত হয়েছিল?
ঈশ্বরকে আপনি কেমন করে কাজ করতে দেখেছেন?
আপনার কাজ এবং কথার মাধ্যমে আপনি কি এই সপ্তাহে যীশু খ্রীষ্টের মাহাত্ম্যের সাক্ষ্যস্বরূপ হয়েছেন?
আপনি কাছে প্রলোভন দায়ক যৌন বিষয় কি প্রকাশ পেয়েছে অথবা আপনার মনে কি অনুপযুক্ত যৌন চিন্তা এসেছে?
আপনি কি আপনার অর্থে ঈশ্বরের অধিকার স্বীকার করেছেন?
আপনি কি কিছুতে লোভ করেছেন?
আপনার কথা দ্বারা আপনি কি কারো মর্যাদাহানি অথবা অনুভূতিতে আঘাত করেছেন?
আপনি কি আপনার কথায়, কাজে অথবা ক্ষতিকারক কিছুতে অশথ হয়েছেন?
আপনি কি আপনার ব্যবহারে আসক্তি (অথবা অলসতা অথবা নিয়মশৃঙ্খলাবিহীনতা) প্রকাশ করেছেন?
আপনি কি কাপড়, বন্ধুবান্ধব, কাজ অথবা আমিত্বের ক্রীতদাস হয়েছেন?
আপনি কি কাউকে ক্ষমা করতে ভুলে গেছেন?
আপনি কোন চিন্তা অথবা উদ্বেগের সম্মুখীন হয়েছেন? আপনি কি অভিযোগ অথবা বচসা করেছেন?
আপনি কি এক ধন্যবাদের হৃদয় বজায় রেখেছেন?

আপনার গুরুত্বপূর্ণ সম্পর্কে আপনি কি সম্মান দেখিয়েছেন, সহানুভূতিশীল এবং উদার হয়েছেন?
চিন্তায়, কথায় ও কাজে আপনি কি পরীক্ষার সম্মুখীন হয়েছেন এবং কি ভাবে আপনি তাতে সাড়া দিয়েছেন?
আপনি কি অন্যদের পরিচর্যা অথবা আশীর্বাদ করার সুযোগ নিয়েছেন, বিশেষ করে বিশ্বাসীদের?
আপনি কি প্রার্থনার নির্দিষ্ট উত্তর দেখেছেন?
এই সপ্তাহের পড়া কি আপনি শেষ করেছেন?

# অধিবেশন ০২

এই অধিবেশনে, আপনার দল ঈশ্বরের রাজ্যে যারা তৈরি করে এবং যারা ভোগ করে তাদের মধ্যে পার্থক্যের বিষয় শিখবে। শিষ্য বৃদ্ধি করার ক্ষেত্রে আরও দুইটি সাধারণ প্রণালী আপনিও শিখতে এবং অনুশীলন করবেন।

## প্রার্থনা চক্র

প্রার্থনা চক্র হল প্রার্থনা অনুশীলন করার একটি সাধারণ প্রণালী। এটি আপনি নিজের জন্য ব্যবহার করতে পারেন, এবং কোন অনুগামীকে বলতে পারেন। কেবল মাত্র ১২টি সাধারণ ধাপে – প্রতিটি ৫ মিনিট করে – এই প্রার্থনা চক্র আমাদের বারোটি পদ্ধতি প্রদর্শন করে যা বাইবেল আমাদের শেখায়। সব শেষে, আপনি এক ঘন্টা প্রার্থনা করে ফেলেছেন।




**শংসাঃ** সদাপ্রভুর প্রশংসা করে আপনার প্রার্থনার ঘন্টা শুরু করুন। এখন আপনার মনে যে সমস্ত বিষয় আছে সেগুলি নিয়ে প্রশংসা করুন। প্রশংসা করুন। গত সপ্তাহে একটি বিশেষ বিষয় যা তিনি আপনার জীবনে করেছেন সেটি উল্লেখ করে তাঁর প্রশংসা করুন। আপনার পরিবারে তাঁর মঙ্গলতার জন্য তাঁর প্রশংসা করুন।

**অপেক্ষাঃ** সদাপ্রভুর সঙ্গে সময় ব্যয় করুন। নিরব থাকুন এবং তাঁকে আপনার প্রতিচ্ছবি একত্র করতে দিন।

**পাপ-স্বীকারঃ** আপনার জীবন এমন কিছু আছে যা ঈশ্বরকে অসন্তুষ্ট করে সে বিষয়ে পবিত্র আত্মাকে বলুন

আপনাকে দেখিয়ে দিতে। যে সকল আচরণ যা অনুচিত, এমন কি কোন নির্দিষ্ট কাজ যে বিষয় আপনি এখনও প্রার্থনায় স্বীকার করেন নি সেগুলিকে তাঁকে দেখিয়ে দিতে অনুরোধ করুন। এখন সেই বিষয় সকল সদাপ্রভুর কাছে স্বীকার করুন যেন আপনি পরিষ্কৃত হতে পারেন।

**বাক্য পাঠ করুনঃ** গীতসংহিতা, ভাববাদীদের পুস্তক এবং নতুন নিয়মে প্রার্থনা সম্পর্কিত অংশগুলি পড়ে সময় কাটান।

**জিজ্ঞাসা করুনঃ** আপনার হয়ে অনুরোধ করুন।

**মধ্যস্থতাঃ** অন্যের হয়ে অনুরোধ করুন।

বাক্য প্রার্থনা করুনঃ নির্দিষ্ট অংশ প্রার্থনা করুন। শাস্ত্রীয় প্রার্থনা এমনকি বেশ কিছু গীতসংহিতা আছে যেগুলি এই উদ্দেশ্যে সহায়ক হয়।

**ধন্যবাদঃ** আপনার জীবনের বিষয়, আপনার পরিবারের হয়ে, এবং মণ্ডলীর হয়ে সদাপ্রভুকে ধন্যবাদ দিন।

**গানঃ** প্রশংসা অথবা আরাধনা অথবা ধর্মীয় গান।

**ধ্যানঃ** সদাপ্রভুকে বলুন আপনার সঙ্গে কথা বলতে। কলম ও কাগজ প্রস্তুত রাখুন যেন তিনি যে অনুভূতি দেন তা লিখে নিতে পারেন।

**শুনুনঃ** আপনি যা পড়েছেন, যে বিষয় প্রার্থনা করেছেন, যে গান গেয়েছেন সেগুলিকে সময় নিয়ে একত্র করুন এবং দেখুন সদাপ্রভু সেগুলি কেমন করে একসঙ্গে এনে আপনার সঙ্গে কথা বলবেন।

**প্রশংসাঃ** যে সময়টা আপনি সদাপ্রভুর সঙ্গে কাটিয়েছেন এবং যে বিষয় তিনি আপনাকে জানিয়েছেন তার জন্য তাঁর প্রশংসা করুন। তাঁর ঐশ্বর্যময় গুণাবলির জন্য তাঁর প্রশংসা করুন।

**কার্যকলাপ** (৬০মিনিট) – প্রার্থনা চক্রের অনুশীলনের মাধ্যমে প্রত্যেকে এককভাবে প্রার্থনা করে পরের ৬০ মিনিট কাটাবে। দলকে একটি নির্দিষ্ট সময় বলে দেবেন যখন তারা ফিরে এসে সকলের সঙ্গে মিলিত হবে। নিশ্চিত হবেন যেন প্রত্যেকে প্রার্থনার জন্য একটি শান্ত জায়গা পায় এবং আবার দলের সঙ্গে মিলিত হতে পারে তার জন্য তাদের আরও কয়েক মিনিট বেশি সময় দেবেন।

## ১০০ জনের তালিকা

আপনি কি কখনও চিন্তা করেছেন যে আপনার সম্পর্ক হল অন্যের প্রতি আপনার দায়িত্ব? ১০০ জনের তালিকা হল একটি সাধারণ প্রণালী আপনাকে সাহায্য করার জন্য যেন আপনার সম্পর্কের ক্ষেত্রে আপনার দায়িত্বের বিষয় আপনি আরও সচেতন হতে পারেন।

ঈশ্বর ইতিমধ্যেই আমাদের প্রয়োজনীয় সম্পর্ক দিয়ে দিয়েছেন "যাও শিষ্য কর।" এরা হল আমাদের পরিবার, আত্মীয়স্বজন, প্রতিবেশি, সহকর্মীরা এবং সহপাঠীরা – যাদের আমরা সারা জীবন ধরে জানি অথবা তাদের সঙ্গে সবে মিলিত হয়েছি। ঈশ্বরের লোকদের ভালো ধনাধ্যক্ষ হওয়ার কারণে তিনি আমাদের জীবনে শিষ্য বৃদ্ধি করার প্রথম পদক্ষেপ দান করেছেন। আর একটি তালিকা প্রস্তুত করার প্রথম পদক্ষেপের মধ্যে দিয়ে এটি শুরু করা যেতে পারে।

**কার্যকলাপ** (৩০মিনিট)– আপনার দলের প্রত্যেককে পরের ৩০ মিনিট সময় দেবেন যেন তারা নিজেদের সম্পর্কের তালিকা নীচের ফর্মে পূরণ করতে পারে। প্রত্যেক লাইনে, নাম লিখবেন এবং তারপর সেই ব্যক্তির সঙ্গে আত্মিক অবস্থা লিখতে হবে যেমন, "শিষ্য" (যাকে আপনি বিশ্বাস করেন যে সে ইতিমধ্যেই যীশুর অনুগামী), "অবিশ্বাসী"(যাকে আপনি বিশ্বাস করেন যে সে যীশুর অনুগামী নয়) অথবা "অজানা"।

যদি কেউ নির্দিষ্ট সময়ের মধ্যে তালিকা পূরণ করতে পারেনি, তারা পরে শেষ করতে পারবে।

**মনে রাখবেন** – আপনার ১০০ জনের তালিকায় যারা থাকবে তাদের সঙ্গে আপনার যোগাযোগের উপায় জানতে হবে এবং আপনাকে অনবরত অথবা দীর্ঘমেয়াদি যোগাযোগ রাখতে হবে।

## ১০০ জনের তালিকা

1. জন ডোই ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ■ অজানা

1. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
2. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
3. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
4. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
5. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
6. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
7. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
8. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
9. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
10. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
11. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
12. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
13. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
14. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
15. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
16. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
17. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
18. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
19. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
20. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
21. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
22. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
23. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
24. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
25. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
26. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
27. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
28. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
29. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
30. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
31. ____ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

32. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

33. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

34. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

35. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

36. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

37. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

38. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

39. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

40. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

41. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

42. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

43. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

44. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

45. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

46. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

47. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

48. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

49. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

50. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

51. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

52. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

53. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

54. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

55. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

56. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

57. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

58. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

59. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

60. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

61. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

62. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

63. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

64. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

65. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

66. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
67. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
68. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
69. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
70. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
71. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
72. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
73. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
74. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
75. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
76. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
77. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
78. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
79. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
80. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
81. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
82. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
83. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
84. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
85. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
86. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
87. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
88. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
89. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
90. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
91. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
92. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
93. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
94. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
95. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
96. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
97. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
98. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
99. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা
100. ______________________ ☐ শিষ্য ☐ অবিশ্বাসী ☐ অজানা

## অধিবেশন ০৩

এই অধিবেশনে, আমরা শিখব কেমন করে ঈশ্বরের আত্মিক অর্থনীতি কাজ করে এবং যারা ঈশ্বর যা দিয়েছেন সেই বিষয়ে বিশ্বস্থ তাদের উপর ঈশ্বর কেমন করে বিনিয়োগ করেন। শিষ্য তৈরি করার আরও দুইটি প্রণালী আমরা শিখব – ঈশ্বরের গল্প সৃষ্টি থেকে বিচার এবং বাপ্তিষ্ম পর্যন্ত বলা।

### ঈশ্বরের গল্প (সুসমাচার)

যীশু বলেছিলেন -- "পবিত্র আত্মা তোমাদের উপরে আসিলে তোমরা শক্তি প্রাপ্ত হইবে; আর তোমরা যিরুশালেমে, সমুদয় যিহূদীয়া ও শমরিয়া দেশে, এবং পৃথিবীর প্রান্ত পর্যন্ত আমার সাক্ষী হইবে।"

যীশু তাঁর অনুগামীদের এত বিশ্বাস করতেন যে, তিনি তাদের উপর আস্থা রেখে তাঁর গল্প বলেছিলেন। তারপর তিনি তাদের সারা পৃথিবীতে পাঠিয়েছিলেন সেই কাজ করতে। এখন, তিনি আমাদের পাঠাচ্ছেন।

ঈশ্বরের গল্প (যাকে সুসমাচারও বলা হয়) বলার কোন একটি "সব থেকে ভালো পদ্ধতি" নেই, কারণ সব থেকে ভালো পদ্ধতি নির্ভর করে কার কাছে সেটি বলা হচ্ছে তার উপর। প্রত্যেক শিষ্যকে ঈশ্বরের গল্প বলতে শিখতে হবে এমন করে যেন সেটি শাস্ত্র অনুসারে সত্যি হয় এবং যেন সেটি যে শ্রোতাকে বলা হচ্ছে তার সঙ্গে সংযোগ স্থাপন করে।

### ঈশ্বরের গল্প – সৃষ্টি থেকে বিচার

ঈশ্বরের সুসমাচার অন্যকে বলার একটি পদ্ধতি হল সৃষ্টি থেকে বিচার পর্যন্ত ঈশ্বরের গল্প বলা – মানবজাতির শুরু থেকে এই যুগের শেষ পর্যন্ত।

আমরা যখন এইভাবে ঈশ্বরের গল্প বলি, আমরা সেটি বড় অথবা ছোট করতে পারি, বিশদভাবে অথবা কেবল বিশেষ বিশেষ বিষয় উল্লেখ করতে পারি, কিন্তু যে শুনছে তার সংস্কৃতি যেন স্পর্শ করে।

বিভিন্ন সংস্কৃতি এবং পৃথিবীর দৃষ্টিভঙ্গির নিরিখে তাঁর গল্প বলতে সাহায্য করতে আপনি হাতের ইশারা ব্যবহার করতে পারেন যা শিখতে ও শেখাতে সহজ।

এখানে ঈশ্বরের গল্পের সুসমাচার –

"আদিতে, ঈশ্বর সমগ্র পৃথিবী এবং তার মধ্যে সব কিছু সৃষ্টি করেছিলেন। তিনি প্রথম পুরুষ এবং প্রথম নারী সৃষ্টি করেছিলেন। তিনি তাদের একটি সুন্দর বাগানে রেখেছিলেন। তিনি তাদের তাঁর পরিবারের অংশ করেছিলেন এবং তাদের সঙ্গে নিবিড় সম্পর্ক ছিল। তিনি তাদের সৃষ্টি করেছিলেন যেন চিরকাল বাঁচে। সেখানে মৃত্যু বলে কিছু ছিল না।

"এইরকম নিখুঁত জায়গায়, মানুষ ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করল এবং পৃথিবীতে পাপ ও ক্লেশ নিয়ে এলো। ঈশ্বর মানুষকে বাগান থেকে তাড়িয়ে দিলেন। মানুষের সঙ্গে ঈশ্বরের সম্পর্ক ছিন্ন হয়ে গেল। এখন মানুষকে মৃত্যুর সম্মুখীন হতে হবে।

"অনেক শত বছর ধরে, ঈশ্বর পৃথিবীতে বার্তাবাহকদের পাঠাতে লাগলেন। তারা মানুষকে তাদের পাপের

বিষয় স্মরণ করিয়েছিলেন কিন্তু আবার তাদের ঈশ্বরের বিশ্বস্থতা ও প্রতিঙ্গার কথা বলেছিলেন যে তিনি পৃথিবীতে একজন ত্রাণকর্তাকে পাঠাবেন। সেই ত্রাণকর্তা ঈশ্বর এবং মানুষের মধ্যে সেই ঘনিষ্ঠ সম্পর্ক পুনঃস্থাপন করবেন। ত্রাণকর্তা মানুষকে মৃত্যু থেকে উদ্ধার করবেন। ত্রাণকর্তা অনন্ত জীবন দেবেন এবং চিরদিন মানুষের সঙ্গে থাকবেন।

"ঈশ্বর আমাদের এত ভালোবাসেন যে সঠিক সময়ে, তিনি তাঁর প্রিয় পুত্রকে আমাদের ত্রাণকর্তা হওয়ার জন্য পৃথিবীতে পাঠিয়েছিলেন।

"যীশু ছিলেন ঈশ্বরের পুত্র। তিনি এক কুমারীর মধ্যে দিয়ে পৃথিবীতে জন্মেছিলেন। তিনি এক নিখুঁত জীবনযাপন করেছিলেন। তিনি কখনও পাপ করেন নি। যীশু মানুষকে ঈশ্বরের বিষয় শিক্ষা দিতেন। তিনি অজস্র আশ্চর্য কাজ করে তাঁর অসীম ক্ষমতা প্রকাশ করেছিলেন। তিনি ভূত ছাড়িয়েছিলেন। তিনি মানুষকে সুস্থ করেছিলেন। তিনি অন্ধকে দৃষ্টি দিয়েছিলেন। তিনি কালাকে শুনবার শক্তি দিয়েছিলেন। তিনি খঞ্জকে হাটিয়েছিলেন। এমনকি যীশু মৃতকে বাঁচিয়েছিলেন।

"অনেক ধর্মীয় নেতা যীশুকে ভয় করত এবং আতঙ্কিত ছিল। তারা তাঁকে হত্যা করতে চেয়েছিল। যেহেতু তিনি কখনও পাপ করেন নি, যীশুর মরার কথা ছিল না। কিন্তু তিনি আমাদের সকলের জন্য বলিদান হয়ে নিজে মৃত্যু মনোনীত করলেন। তাঁর বেদনাদায়ক মৃত্যু মানব জাতির সমস্ত পাপ আচ্ছাদন করেছিল। এর পরে, যীশুকে কবর দেওয়া হয়েছিল।

"ঈশ্বর যীশুর বলিদান দেখে তা গ্রহণ করেছিলেন। ঈশ্বর স্বীকৃতি দেখিয়েছিলেন যীশুকে তৃতীয় দিনে মৃতদের মধ্যে থেকে তুলে।

আমরা যদি হৃদয়ে বিশ্বাস করি যে ঈশ্বর মৃত্যু থেকে যীশুকে উঠিয়েছেন, এবং স্বীকার করি যে তিনি আমাদের প্রভু – আমাদের অধীশ্বর ও রাজা – তাহলে আমরা বাঁচব। বিশ্বাসী হয়ে আমরা আমাদের পাপপূর্ণ জীবন থেকে ফিরি এবং যীশুর নামে বাপ্তাইজিত হই, জলে কবরপ্রাপ্ত হই, আমাদের পুরাতন জীবনে মৃত, এবং জল থেকে উঠি যেমন যীশু মৃত্যু থেকে উঠেছিলেন, যেন আমরা তাঁকে অনুসরণ করে এক নূতন জীবন যাপন করি। ঈশ্বর আবার তাঁর পরিবারের মধ্যে আমাদের নিয়ে আসার জন্য আমাদের সমস্ত পাপ ক্ষমা করেন এবং পবিত্র আত্মাকে পাঠান আমাদের মধ্যে বাস করতে যেন আমরা ঈশ্বরকে অনুসরণ করতে পারি।

"যীশু যখন মৃত্যু থেকে উঠেছিলেন, তিনি ৪০ দিন পৃথিবীতে ছিলেন। যীশু তাঁর অনুগামীদের শিখিয়েছিলেন যেন তারা সব জায়গায় যায় এবং তাঁর পরিত্রাণের সুসমাচার পৃথিবীর সকলকে বলে।

"যীশু বলেছিলেন – তোমরা গিয়া সমুদয় জাতিকে শিষ্য কর; পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজিত কর; আমি তোমাদিগকে যাহা যাহা আঞ্জা করিয়াছি, সে সমস্ত পালন করিতে তাহাদিগকে শিক্ষা দেও। আর দেখ, আমি যুগান্ত পর্যন্ত প্রতিদিন তোমাদের সঙ্গে সঙ্গে আছি। তারপর তাদের চোখের সামনে যীশুকে স্বর্গে তুলে নিয়েছিলেন।

"এক দিন, যীশু আবার আসবেন যেমন তিনি গিয়েছিলেন। যারা তাঁকে ভালোবাসে না এবং বাধ্য হয় না তাদের তিনি চিরদিন শাস্তি দেবেন। যারা তাঁকে ভালোবেসেছে এবং বাধ্য হয়েছে তাদের তিনি গ্রহণ করবেন এবং চিরদিন পুরস্কার দেবেন। তাঁর সঙ্গে আমরা নতুন স্বর্গে ও নতুন পৃথিবীতে চিরদিন বাস করব।

"যীশু যে বলিদান আমার পাপের জন্য করেছেন তা আমি বিশ্বাস ও গ্রহণ করেছি। তিনি আমাকে পরিষ্কার করে ঈশ্বরের পরিবারে পুনঃস্থাপন করেছেন। তিনি আমাকে ভালোবাসেন, ও আমি তাঁকে ভালোবাসি এবং

তাঁর রাজ্যে চিরদিনের জন্য তাঁর সঙ্গে বাস করব।

"ঈশ্বর আপনাকে ভালোবাসেন এবং তিনি চান যেন আপনিও এই উপহার গ্রহণ করেন। আপনি কি এখনই তা করতে চান?

**কার্যকলাপ** (৪৫ মিনিট) – দুই অথবা তিন জনকে নিয়ে দল ভাগ করুন এবং পরের ৪৫ মিনিট ঈশ্বরের গল্প বলা অনুশীলন করুন। আপনার ১০০ জনের তালিকা থেকে ৫ জনকে মনোনীত করুন যাদের আপনি "অবিশ্বাসী" অথবা "অজানা" বলে চিহ্নিত করেছেন। কাউকে বলুন সেই পাঁচজনের একজন সাজতে আর ঈশ্বরের গল্প বলা এমন করে অনুশীলন করতে যেন তার কাছে সেটি অর্থবহ হয়।

আপনি সৃষ্টি থেকে বিচারের গল্প ব্যবহার করতে পারেন অথবা অন্য কোন উপায় যা আপনার মনে হয় যাকে বলছেন তার জন্য কাজ করতে পারে। আপনার অনুশীলন হয়ে যাবার পর, অন্যকে বলতে দিন। ভান করুন যেন অন্যর তালিকার পাঁচজনের মধ্যে একজন। আপনি যখন শেষ করবেন, আপনি ঈশ্বরের গল্প বলার জন্য প্রস্তুত।

## বাপ্তিষ্ম

যীশু বলেছিলেন -- তোমরা গিয়া সমুদয় জাতিকে শিষ্য কর; পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজিত কর ..."

বাপ্তিষ্ম – অথবা আদি গ্রীক ভাষায় ব্যাপটিজো – যার অর্থ নিষিক্ত করা অথবা নিমজ্জিত করা – যেমন আপনি যখন কোন কাপড় রং করান ও সেটি রঙে ভেজে এবং রূপান্তরিত হয়ে বের হয়। বাপ্তিষ্ম হল আমাদের নতুন জীবনের ছবি, যীশুর দ্বারা ভিজি, ঈশ্বরের বাধ্যতায় রূপান্তরিত হই। এটি আমাদের পাপে মৃত্যুর ছবি, যেমন যীশু আমাদের পাপের জন্য মরেছিলেন; আমাদের পুরাতন জীবনের কবরপ্রাপ্ত হওয়া, যেমন যীশু কবরপ্রাপ্ত হয়েছিলেন; যীশুতে এক নতুন জীবন লাভ, যেমন যীশু পুনরুত্থিত হয়ে আজও জীবিত।

আপনি যদি আগে কাউকে বাপ্তিষ্ম না দিয়ে থাকেন, এটি মনে হতে পারে ভ্যের, কিন্তু তা নয়। এখানে কয়েকটি সহজ ধাপ দেওয়া হলঃ

1. নতুন শিষ্যকে ডুব দেওয়ার মত যথেষ্ট গভীর এমন স্থির জল খুঁজুন। এটি পুকুর, নদী, জলাশয় অথবা সমুদ্র হতে পারে। এটি স্নান করার টব অথবা জল জমিয়ে রাখার এমন জায়গা।

2. সেই শিষ্য আপনার একটি হাত ধরবে এবং আপনি অপর হাত তার পিঠে রাখবেন।

3. এরকম দুটি প্রশ্ন তাকে করবেন নিশ্চিত হবার জন্য যে সে বুঝে সিদ্ধান্ত নিয়েছে।

   "তুমি কি যীশু খ্রীষ্টকে তোমার প্রভু এবং ত্রাণকর্তারূপে গ্রহণ করেছ?"
   "তুমি কি তাঁকে তোমার রাজা বলে সারা জীবন তাঁর বাধ্য হবে এবং তাঁর সেবা করবে?"

4. দুটি প্রশ্নের উত্তরে যদি তারা "হ্যাঁ" বলে, তাহলে এরকম কিছু বলবেনঃ

   "যেহেতু তুমি প্রভু যীশুর উপর তোমার বিশ্বাস ঘোষণা করেছ, আমি এখন তোমাকে পিতা, পুত্র ও পবিত্র আত্মার নামে বাপ্তিষ্ম দেব।"

5. তাদের জলে নামতে সাহায্য করবেন, সম্পূর্ণ ডুবাবেন এবং আবার তুলবেন।

অভিনন্দন! আপনি যীশুর একজন নতুন অনুগামীকে বাপ্তিস্ম দিলেন – স্বর্গের একজন নতুন নাগরিক – জীবিত ঈশ্বরের একজন নতুন সন্তান। এখন উদযাপনের সময়!

**গুরুত্বপূর্ণ মনে রাখার বিষয়** – অধিবেশন ০৪-এ আপনার দল প্রভুর ভোজ গ্রহণ করবে। প্রয়োজনীয় জিনিস (রুটি এবং দ্রাক্ষারস/রস) থাকার বিষয় নিশ্চিত হবেন।

## অধিবেশন ০৪

এই অধিবেশনে, আমরা শিখব ঈশ্বরের পরিকল্পনা যে কেমন করে প্রত্যেক অনুগামী বৃদ্ধি সাধন করবে! আমরা আবিষ্কার করব যে সবচেয়ে বিশ্বস্থ অনুগামী সবচেয়ে কম সম্ভাবনাময় জায়গা থেকে আসে। এবং, আমরা আরও একটি গুরুত্বপূর্ণ প্রণালী শিখব অন্যদের ঈশ্বরের পরিবারে নিমন্ত্রণ করতে আমাদের গল্প বলার মতই সহজ।

## ৩ মিনিটের সাক্ষ্য

যীশু তাঁর অনুগামীদের বলেছিলেন – "তোমরাই এ সকলের সাক্ষী।"

যীশুর অনুগামী হিসাবে, আমরাও "সাক্ষী" – আমাদের জীবনে যীশুর প্রভাবের বিষয় "সাক্ষ্য"। আপনার সঙ্গে ঈশ্বরের সম্পর্কের গল্পকে বলা হয় আপনার সাক্ষ্য। প্রত্যেকের একটি গল্প আছে। আপনার সাক্ষ্য বলা হল আপনার অভ্যাস করার সুযোগ।

আপনার গল্প বলার আনেক উপায় আছে, কিন্তু এখানে কিছু পদ্ধতি দেওয়া হল যেগুলি আমরা দেখেছি বেশ কার্যকর।

- **একটি সাধারণ বিবৃতি** – আপনি একটি সাধারণ বিবৃতি দিয়ে বলতে পারেন যে কেন আপনি যীশুর অনুগামী হয়েছেন। এটি একজন নতুন অনুগামীর ক্ষেত্রে ভালো কাজ করে।
- **আগে এবং পরে** – আপনি "আগে" এবং "পরে"-র গল্প বলতে পারেন – যীশুকে জানার আগে আপনার জীবন কেমন ছিল এবং যীশুকে জানার পরে এখন আপনার জীবন কেমন হয়েছে। সাধারণ এবং শক্তিশালী।
- **সঙ্গে এবং ছাড়া** – আপনি "সঙ্গে" এবং "ছাড়া"-র গল্প বলতে পারেন – "যীশুর সঙ্গে" আপনার জীবন কেমন আছে এবং "যীশুকে ছাড়া" আপনার জীবন কেমন হতে পারত। এই গল্প বলার পদ্ধতি বেশ কার্যকর যদি আপনি কম বয়সে বিশ্বাসী হয়ে থাকেন।

আপনার গল্প বলার সময়, যদি আপনি মনে করেন যে এটি তিনটি অংশের পদ্ধতির মধ্যে একটি তাহলে এটি সহায়ক হবে।

- **তাদের গল্প** – যে ব্যক্তিদের সঙ্গে আপনি কথা বলছেন তাদের নিজেদের আত্মিক যাত্রার বিষয় জিজ্ঞাসা করুন।
- **আপনার গল্প** – তারপর তাদের অভিজ্ঞতা অনুসারে আপনার সাক্ষ্য বলুন।
- **ঈশ্বরের গল্প** – অবশেষে ঈশ্বরের গল্প এমনভাবে বলুন যেন সেটি তাদের জাগতিক অভিমত, মূল্যবোধ এবং অগ্রাধিকারকে যুক্ত করে।

আপনার সাক্ষ্য অনেক বড় হওয়ার অথবা প্রভাবিত করার জন্য বিস্তারিতভাবে বলার প্রয়োজন নেই। বরং, আপনার গল্প ৩ মিনিটের হোক যেন প্রশ্ন এবং গভীর আলচনার জন্য সময় থাকে।

আপনি যদি চিন্তিত হন যে কেমন করে শুরু করবেন – এটি সাধারণ রাখুন। জীবন পরিবর্তন করার জন্য ঈশ্বর আপনার গল্প ব্যবহার করতে পারেন, কিন্তু মনে রাখবেন – আপনিই সে যাকে বলতে হবে।

**কার্যকলাপ** (৪৫ মিনিট) - দুই অথবা তিন জনকে নিয়ে দল ভাগ করুন এবং পরের ৪৫ মিনিট আপনার সাক্ষ্য বলা অনুশীলন করুন। আপনার ১০০ জনের তালিকা থেকে ৫ জনকে মনোনীত করুন যাদের আপনি "অবিশ্বাসী" অথবা "অজানা" বলে চিহ্নিত করেছেন। কাউকে বলুন সেই পাঁচজনের একজন সাজতে আর আপনার সাক্ষ্য বলা এমন করে অনুশীলন করতে যেন তার কাছে সেটি অর্থবহ হয়।

আপনি উপরের যে কোন নমুনা ব্যবহার করতে পারেন অথবা অন্য কোন উপায় যা আপনার মনে হয় যাকে বলছেন তার জন্য কাজ করতে পারে। আপনার অনুশীলন হয়ে যাবার পর, অন্যকে বলতে দিন। ভান করুন যেন অন্যর তালিকার পাঁচজনের মধ্যে একজন। আপনি যখন শেষ করবেন, আপনাকে ৩ মিনিট বা আরও কম সময়ের মধ্যে আপনার সাক্ষ্য বলা শেষ করতে হবে।

## প্রভুর ভোজ

যীশু বলেছিলেন – "আমিই সেই জীবন্ত খাদ্য, যাহা স্বর্গ হইতে নামিয়া আসিয়াছে। কেহ যদি এই খাদ্য খায়, তবে সে অনন্তকাল জীবিত থাকিবে, আর আমি যে খাদ্য দিব, সে আমার মাংস, জগতের জীবনের জন্য।"

যীশুর সঙ্গে আমাদের ঘনিষ্ঠ সংযোগ এবং নিরন্তর সম্পর্কের নিদর্শনের উদ্দেশ্যে "প্রভুর ভোজ" পালন করা হয়। এটি পালন করার জন্য এখানে একটি সহজ পদ্ধতি দেওয়া হল।

আপ্নারা যখন যীশুর অনুগামী হিসাবে একত্র হন, শান্তভাবে ধ্যানে সময় ব্যায় করুন, আপনার পাপের বিষয় বিবেচনা ও স্বীকার করুন। আপনি যখন প্রস্তুত, কাউকে শাস্ত্রের এই অংশটি পড়তে বলুন –

> "কারণ আমি প্রভু হইতে এই শিক্ষা পাইয়াছি এবং তোমাদিগকে সমর্পণও করিয়াছি যে, প্রভু যীশু যে রাত্রিতে সমর্পিত হন, সেই রাত্রিতে তিনি রুটি লইলেন, এবং ধন্যবাদপূর্বক ভাঙ্গিলেন, ও কহিলেন, 'ইহা আমার শরীর, ইহা তোমাদের জন্য; আমার স্মরণার্থে ইহা করিও'।"
>
> ১ করিন্থীয় ১১:২৩-২৪

আপনার দলের জন্য যে রুটি রেখেছিলেন সেটি এগিয়ে দিন, এবং খান। পড়তে থাকুন --

> "সেই প্রকারে তিনি ভোজনের পর পানপাত্রও লইয়া কহিলেন, 'এই পানপাত্র আমার রক্তে নূতন নিয়ম; তোমরা যতবার পান করিবে, আমার স্মরণার্থে ইহা করিও'।"
>
> ১ করিন্থীয় ১১:২৫

আপনার দলের জন্য যে রস অথবা দ্রাক্ষারস রেখেছিলেন সেটি ভাগ করে নিন, এবং খান। পড়া শেষ করুন --

> "কারণ যতবার তোমরা এই রুটি ভোজন কর, এবং এই পানপাত্রে পান কর, ততবার প্রভু মৃত্যু প্রচার করিয়া থাক, যে পর্যন্ত তিনি না আইসেন।"
>
> ১ করিন্থীয় ১১:২৬

প্রার্থনা ও গান করে উদযাপন করুন। আপনি প্রভুর ভোজ ভাগ করেছেন। আপনি তাঁর, এবং তিনি আপনার!

**কার্যকলাপ** (১০ মিনিট) – আপনার দলের সঙ্গে পরের ১০ মিনিট প্রভুর ভোজ উদযাপন করে সময় কাটান।

## অধিবেশন ০৫

এই অধিবেশনে, আমরা শিখব কেমন করে প্রার্থনা করতে করতে হাঁটা যায়। যীশুর জন্য প্রতিবেশীদের প্রস্তুত করার এক শক্তিশালী উপায় হল প্রার্থনা করতে করতে হাঁটা। প্রার্থনার জন্য আমরা একটি সাধারণ অথচ শক্তিশালী পদ্ধতি শিখব যেটি আমাদের নতুন শিষ্যদের সঙ্গে মিলিত হতে সাহায্য করবে।

## প্রার্থনা করতে করতে হাঁটা

ঈশ্বরের বাক্য বলে যে আমরা যেন "সকল মনুষ্যের নিমিত্ত, বিনতি, প্রার্থনা, অনুরোধ, ধন্যবাদ করা হয়; রাজাদের ও উচ্চপদস্থ সকলের নিমিত্ত; যেন আমরা সম্পূর্ণ ভক্তিতে ও ধীরতায় নিরুদ্বেগ ও প্রশান্ত জীবন যাপন করিতে পারি। তাহাই আমাদের ত্রাণকর্তা ঈশ্বরের সম্মুখে উত্তম ও গ্রাহ্য; তাঁহার ইচ্ছা এই, যেন সমুদয় মনুষ্য পরিত্রাণ পায়, ও সত্যের তত্ত্বজ্ঞান পর্যন্ত পঁহুছিতে পারে।"

প্রার্থনা করতে করতে হাঁটা হল একটি সাধারণ উপায় যার দ্বারা অন্যদের জন্য প্রার্থনা করার ঈশ্বরের আজ্ঞা আমরা পালন করতে পারি। আর এটি এমন শোনায় যেন - হাঁটতে হাঁটতে ঈশ্বরের কাছে প্রার্থনা করা।

চোখ বন্ধ ও মাথা নিচুঁ করার পরিবর্তে, আমরা আমাদের চোখ খুলে রাখি আমাদের চারিপাশের মানুষদের প্রয়োজন দেখার জন্য এবং বিনীতভাবে আমাদের হৃদয় নত করি যেন ঈশ্বর হস্তক্ষেপ করেন।

আপনি দুই অথবা তিন জনকে নিয়ে ছোট দল করে অথবা একা প্রার্থনা করতে করতে হাঁটতে পারেন।

আপনি যদি দলবদ্ধ হয়ে হাঁটেন – চেষ্টা করবেন যেন সকলে জোরে জোরে প্রার্থনা করে। প্রত্যেকে যা দেখছে এবং যে প্রয়োজন ঈশ্বর তাদের হৃদয়ে দিয়েছেন সেই বিষয় ঈশ্বরের সঙ্গে কথোপকথন। আপনি যদি একা একা চলেন – একা থাকলে নিরবে প্রার্থনা করতে চেষ্টা করুন এবং যখন রাস্তায় কারো সঙ্গে দেখা হবে তখন জোরে প্রার্থনা করুন।

প্রার্থনা করতে করতে হাঁটার সময় আপনি চার ভাবে জানতে পারবেন যে কি বিষয় প্রার্থনা করতে হবে।

**পর্যবেক্ষণ** – আপনি কি দেখছেন? আপনি যদি উঠানে একটি ছোট বাচ্চার খেলনা দেখেন, আপনার হয়ত ইচ্ছা হতে পারে প্রতিবেশীদের বাচ্চাদের জন্য, পরিবারগুলির জন্য অথবা সেই এলাকার স্কুলের জন্য প্রার্থনা করতে।

**গবেষণা** – আপনি কি জানেন? আপনি যদি আপনার পাড়ার সম্বন্ধে পড়েন, আপনি হয়ত যারা সেখানে থাকে তাদের বিষয় জানতে পারেন, অথবা সেই এলাকা অপরাধ বা অবিচারের কারণে ভুগছে। এই সকল বিষয় প্রার্থনা করবেন এবং তাঁকে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করবেন।

**উদ্ঘাটন** – পবিত্র আত্মা হয়ত কোন বিশেষ প্রয়োজনের বিষয় অথবা প্রার্থনার কোন ক্ষেত্রের বিষয়ে আপনার হৃদয়ে কথা বলতে পারেন অথবা কোন চিন্তা দিতে পারেন।

**শাস্ত্র** – আপনি হয়ত হাঁটার প্রস্তুতি নেবার সময় ঈশ্বরের বাক্য পড়েছেন অথবা যখন হাঁটছেন তখন পবিত্র আত্মা আপনার মনে কোন শাস্ত্রের বাক্য দিতে পারেন। সেই অংশটির বিষয় প্রার্থনা করবেন এবং সেই এলাকার মানুষদের উপর তার কেমন প্রভাব পড়তে পারে।

এখানে পাঁচটি প্রভাবশালী ক্ষেত্রের বিষয় আছে যেগুলি আপনি আপনার প্রার্থনা করতে করতে হাঁটার সময় চিন্তা করতে পারেন।

**সরকার** – সরকারী কেন্দ্রগুলি যেমন আদালত, সরকারী বাড়িগুলি অথবা আইন প্রয়োগকারী অফিসগুলির প্রতি দৃষ্টি দিন এবং তাদের জন্য প্রার্থনা করুন। সুরখা, সুবিচার এবং নেতৃবৃন্দকে ঈশ্বরীয় প্রজ্ঞার ক্ষেত্রে প্রার্থনা করুন।

**ব্যবসা এবং বাণিজ্য** – ব্যবসায়িক কেন্দ্রগুলি যেমন আর্থিক প্রতিষ্ঠান অথবা কেনাকাটার ক্ষেত্রগুলি প্রতি দৃষ্টি দিন এবং তাদের জন্য প্রার্থনা করুন। ন্যায়নিষ্ঠ বিনিয়োগ এবং সম্পদের সঠিক পরিচর্যার জন্য প্রার্থনা করুন। অর্থনৈতিক সুবিচার ও সুযোগ এবং উদার ও ধার্মিক দাতা যারা লাভের আগে মানুষকে রাখেন তাদের জন্য প্রার্থনা করুন।

**শিক্ষা** – শিক্ষা কেন্দ্রগুলি যেমন স্কুল, প্রশাসনিক অফিসগুলি, কারিগরি শিক্ষা কেন্দ্রগুলি, কলেজ এবং বিশবিদ্যাল্যগুলির প্রতি দৃষ্টি দিন এবং তাদের জন্য প্রার্থনা করুন। প্রার্থনা করুন ধার্মিক শিক্ষাবিদদের জন্য যেন তাঁরা ঈশ্বরীয় সত্যের বিষয় শিক্ষা দেন এবং ছাত্রছাত্রীদের হৃদয় ও মন সুরক্ষা করেন। ঈশ্বরের কাছে প্রার্থনা করুন যেন তিনি মিথ্যা ও বিশৃঙ্খলা সৃষ্টি করার সব প্রচেষ্টাতে হস্তক্ষেপ করেন। প্রার্থনা করুন যেন এই সকল স্থান থেকে জ্ঞানী নাগারিক তৈরি হয় যাদের পরিচর্যা করার ও নেতৃত্ব দেবার হৃদয় থাকবে।

**যোগাযোগ** – যোগাযোগের কেন্দ্রগুলি যেমন বেতার কেন্দ্র, টিভি স্টেশন এবং খবরের কাগজের প্রকাশকদের প্রতি দৃষ্টি দিন এবং তাদের জন্য প্রার্থনা করুন। ঈশ্বরের গল্প এবং তাঁর অনুগামীদের সাক্ষ্য যেন সারা শহরে ও পৃথিবীর সর্বত্র ছড়িয়ে পড়ে তার জন্য প্রার্থনা করুন। তাঁর বার্তা যেন তাঁর মাধ্যমে তাঁর লোকদের কাছে পৌঁছায় এবং সর্বত্র ঈশ্বরের লোকেরা ঈশ্বরের কাজ দেখতে পায় তার জন্য প্রার্থনা করুন।

**আত্মিকটা** – আত্মিক কেন্দ্রগুলি যেমন চার্চ, মসজিদ অথবা মন্দিরগুলির জন্য প্রার্থনা করুন। প্রার্থনা করুন যেন প্রত্যেক আত্মিক অনুসন্ধানকারী যীশুতে শান্তি ও সান্ত্বনা পায় এবং যেন ভ্রান্ত ধর্মের দ্বারা বিভ্রান্ত না হয়।

**কার্যকলাপ** (৬০-৯০ মিনিট) - প্রার্থনা করতে করতে হাঁটা অনুশীলন করার জন্য দুই অথবা তিন জনকে নিয়ে দল ভাগ করুন এবং জনসাধারণের মধ্যে যান। আপনার বর্তমান অধিবেশন থেকে বেরিয়ে হাঁটা অথবা গন্তব্য নির্ণয় করা ও প্রার্থনা করার মতন একটি স্থান মনোনয়ন করা সহজ হতে পারে। ঈশ্বর যেমন পরিচালনা করেন সেইমত যান এবং এই কার্যক্ষেত্রে ৬০-৯০ মিনিট অতিবাহিত করার পরিকল্পনা করুন।

**বিঃদ্রঃ** বি এল ই এস এস (আশীর্বাদ) প্রার্থনা শিখুন এবং অনুশীলন করার বিষয় নিশ্চিত হন।

## বি এল ই এস এস (আশীর্বাদ) প্রার্থনা

পরিশেষে, আপনার প্রার্থনা করতে করতে হাঁটার সময় আপনি মানুষের জন্য পাঁচটি পদ্ধতিতে প্রার্থনা করতে পারেনঃ

আপনি যখন হাঁটবেন ও প্রার্থনা করবেন, আপনার পথে যখন কোন ব্যক্তি অথবা গোষ্ঠীর সঙ্গে দেখা হবে

তখন ঈশ্বরের আত্মা কি প্রার্থনা করতে বলছেন সে বিষয় শোনার এবং সুযোগের জন্য সতর্ক থাকবেন।

আপনি বলতে পারেন, "আমরা সমাজের জন্য প্রার্থনা করছি, আপনার কি কোন বিশেষ বিষয় আছে যার জন্য আমরা প্রার্থনা করতে পারি?" অথবা বলতে পারেন, "আমি এই অঞ্চলে প্রার্থনা করছি। আপনার কি কোন বিশেষ বিষয় জানা আছে যার জন্য আমরা প্রার্থনা করব?" তাদের প্রতিক্রিয়া জানার পর আপনি তাদের নিজেদের প্রয়োজনের বিষয় জিজ্ঞাসা করতে পারেন। তারা যদি বলে, তক্ষণই তাদের জন্য প্রার্থনা করবেন। সদাপ্রভু যদি আপনাকে পরিচালনা করেন, আপনি অন্য প্রয়োজনের জন্যও প্রার্থনা করতে পারেন।

বি এল ই এস এস শব্দটি ব্যবহার করুন যেন আপনাকে প্রার্থনা করার জন্য ৫টি ভিন্ন বিষয় স্মরণ করায়ঃ

- শরীর (সাস্থ্য)
- শ্রম (কাজ এবং আর্থিক সংস্থান)
- আবেগপ্রবণ (মনোবল)
- সামাজিক (সম্পর্ক)
- আত্মিক (ঈশ্বরকে আরও জানা এবং ভালোবাসা)

বেশিরভাগ ক্ষেত্রে, আপনি প্রার্থনা করলে মুনুষ কৃতজ্ঞ হয়।

যদি কোন ব্যক্তি খ্রীষ্টিয়ান না হয়, আপনার প্রার্থনা হয়ত একটি আত্মিক পরিবর্তনের দরজা খুলে দিতে পারে এবং আপনার গল্প ও ঈশ্বরের গল্প বলার একটি সুযোগ করে দিতে পারে।

যদি কোন ব্যক্তি খ্রীষ্টিয়ান না হয় আপনি তাদের প্রার্থনা করতে করতে হাঁটায় যোগ দিতে অনুরোধ করতে পারেন অথবা কেমন করে প্রার্থনা করতে করতে হাঁটা হয় এবং সাধারণ পদক্ষেপ যেমন প্রভাব বিস্তারের ক্ষেত্রে প্রার্থনা অথবা ঈশ্বরের পরিবারে আরও বৃদ্ধি পেতে বি এল ই এস এস প্রার্থনার বিষয়ে তাদের প্রশিক্ষণ দিতে পারেন।

**কার্যকলাপ** (১৫ মিনিট) - দুই অথবা তিন জনকে নিয়ে দল ভাগ করুন এবং পরের ১৫ মিনিট বি এল ই এস এস প্রার্থনা অনুশীলন করুন। কোন একজনের জন্য ৫টি ক্ষেত্রে বি এল ই এস এস প্রার্থনা করুন এবং কেমন করে অন্যরা বি এল ই এস এস প্রার্থনা ব্যবহার করতে পারে সেই বিষয়েও প্রশিক্ষণ দেওয়া অনুশীলন করুন।

## অধিবেশন ০৬

এই অধিবেশনে, আমরা শিখব কেমন করে ঈশ্বর তাঁর বিশ্বস্থ অনুগামীদের ব্যবহার করেন – তারা যদি সম্পূর্ণ নতুনও হয় – অনেক বেশি অন্যদের থেকে যাদের বহু বছরের শিক্ষা এবং প্রশিক্ষণ আছে কিন্তু তারা কখনও বাধ্য হবে না। আর আমরা প্রথমে দেখব কেমন করে যোগাযোগ করা হয় যাতে শিষ্যের সংখ্যা আরও তাড়াতাড়ি বৃদ্ধি পায়।

### ৩/৩ দলের ফরম্যাট

যীশু বলেছেন – "যেখানে দুই কি তিন জন আমার নামে একত্র হয়, সেইখানে আমি তাহাদের মধ্যে আছি।"

এটি একটি শক্তিশালী প্রতিজ্ঞা, এবং যীশুর প্রত্যেক অনুগামীর এর সুবিধা নেওয়া উচিত। কিন্তু আপনারা যখন দলবদ্ধ হয়ে জড়ো হন, তখন কেমন করে সময় কাটান?

একটি ৩/৩ দল হল যারা যখন এক সঙ্গে জড়ো হয় তখন তাদের সময় ৩ ভাগ করে, যেন যে গুরুত্বপূর্ণ বিষয় যীশু আদেশ করেছেন তারা তার বাধ্য হওয়া অনুশীলন করতে পারে।

এটি কেমন করে কাজ করেঃ

**পিছনে দেখুন** (আপনার ১/৩ অংশ সময়)

**যত্ন নিন এবং প্রার্থনা করুনঃ** প্রত্যেক ব্যক্তিকে তাদের ধন্যবাদের বিষয় বলতে দেওয়ার জন্য সময় নিন। তারপর প্রত্যেক ব্যক্তিকে তাদের ব্যক্তিগত অসুবিধার কথা বলতে দিন। তাদের ডান দিকে যে থাকবে তাকে সেই সমস্ত উল্লিখিত বিষয় নিয়ে প্রার্থনা করতে বলুন। যদি এমন কেউ থাকে যে এমন কোন অসুবিধার মধ্যে আছে যার জন্য আরও মনোযোগ দেওয়া প্রয়োজন, সেই ব্যক্তির যত্ন নেওয়ার জন্য সব কিছু হয়ে যাবার পর থাকবেন।

**দর্শনঃ** একসঙ্গে গান করার জন্য সময় ব্যয় করুন এবং যীশুকে ভালবাসার, অন্যকে ভালবাসার, অন্যদের কাছে যীশুর বিষয় বলা এর উপর গানের কথাগুলি যুক্ত করুন, নতুন দল গঠন করুন, এবং এই কাজ করার জন্য অন্যদের সাহায্য করুন। অন্যথায় অন্যেরা এই বিষয়বস্তুর উপর বাইবেলের অংশ বলতে পারে।

**পরীক্ষা করাঃ** প্রত্যেক ব্যক্তি গত সপ্তাহে যে সকল প্রতিশ্রুতি লিখেছিল সেগুলি তারা কেমন করেছে সে বিষয় তাদের বলতে বলুনঃ

১। আপনি যা শিখেছেন তার বাধ্য আপনি কেমন করে করে হয়েছেন?
২। আপনি যা শিখেছেন সে বিষয় আপনি কাকে অনুশীলন করিয়েছেন?
৩। আপনার গল্প অথবা ঈশ্বরের গল্প আপনি কাকে বলেছেন?

তারা যদি কোন প্রতিশ্রুতি ভুলে যাওয়ার কারণে পালন করতে না পারে অথবা সুযোগের অভাবে না করতে পারে, তাহলে গত সপ্তাহের প্রতিশ্রুতি এই সপ্তাহের প্রতিশ্রুতির সঙ্গে যুক্ত হবে। যদি কেউ ঈশ্বরের কাছ থেকে শুনেও অনায়াসে তার বাধ্য হতে অস্বীকার করে তাহলে এটি মণ্ডলীর শৃঙ্খলার সমস্যা হিসাবে ব্যবস্থা নিতে হবে।

**উপরে দেখুন** (আপনার ১/৩ অংশ সময়)

**প্রার্থনাঃ** সহজ এবং সংক্ষিপ্তভাবে ঈশ্বরের সঙ্গে কথা বলুন। ঈশ্বরকে বলুন আপনাকে এই অংশটি শিখিয়ে দিতে।

**পড়ুন এবং আলোচনা করুনঃ** এই সপ্তাহের অংশটি পড়ুন। নিম্নলিখিত প্রশ্নগুলি নিয়ে আলোচনা করুনঃ

১। এই অংশটিতে আপনার কি ভালো লেগেছে?

২। এই অংশটিতে আপনার কি কিছু বুঝতে অসুবিধা হয়েছে অথবা কঠিন বলে মনে হয়েছে?

এই সপ্তাহের অংশটি আবার পড়ুন।

৩। এই অংশটিতে থেকে আমরা মানুষ সম্বন্ধে কি শিখতে পারি?

৪। এই অংশটিতে আপনার থেকে আমরা ঈশ্বর সম্বন্ধে কি শিখতে পারি?

**সামনে দেখুন** (আপনার ১/৩ অংশ সময়)

**বাধ্য হোন। শিক্ষা দিন। অন্যকে বলুনঃ** অন্তত পাঁচ মিনিট নিরবে প্রার্থনা করুন। দলের প্রত্যেককে বলুন প্রার্থনা করতে যেন পবিত্র আত্মার তাদের দেখিয়ে দেন কেমন করে প্রশ্নের উত্তর দিতে হবে, তারপর অঙ্গীকার করুন। প্রত্যেকে তাদের অঙ্গীকার লিখতে বলুন যেন তারা জ্ঞানত মানুষের জন্য প্রার্থনা করতে পারে এবং তাদের দায়িত্ব থাকে। তারা হয়ত প্রত্যেক সপ্তাহে প্রত্যেক প্রশ্নের মধ্যে সম্পর্কযুক্ত কিছু বিষয় শুনতে না পারে। তাদের বুঝতে হবে তারা হয়ত কোন প্রতিক্রিয়া ঈশ্বরের কাছ থেকে শুনেছেন বলে নিশ্চিত নয়, কিন্তু মনে হয়েছে ভালো চিন্তা কারণ এই ক্ষেত্রে দায়িত্ব অন্য স্তরে বিবেচনা করা হবে।

৫। এই অংশটি আমি কেমন করে প্রয়োগ করব এবং বাধ্য হব?

৬। এই অংশটি আমি কাকে প্রশিক্ষণ দেব অথবা বলব?

৭। এই সপ্তাহে ঈশ্বর কার কাছে আমার গল্প (সাক্ষ্য) এবং/অথবা ঈশ্বরের গল্প বলাতে চান?

**অনুশীলন করুনঃ** আপনি প্রশ্ন ৫, ৬ অথবা ৭ –এ আপনি যে অঙ্গীকার করেছেন সেগুলি দুই অথবা তিন জনের দলে অনুশীলন করুন। উদাহরণ স্বরূপ, একটি কঠিন আলোচনা অথবা প্রলোভনের সম্মুখীন হওয়া নিয়ে অভিনয় করুন; আজকের অংশটি শিক্ষা দেওয়া অনুশীলন করুন, অথবা সুসমাচার বলা অনুশীলন করুন।

**ঈশ্বরের সঙ্গে কথা বলুনঃ** একই দুই অথবা তিন জনের দলে প্রত্যেক সদস্যদের জন্য প্রার্থনা করুন। ঈশ্বরকে বলুন যেন তিনি সেই সকল মানুষের হৃদয় প্রস্তুত করেন যারা এই সপ্তাহে যীশুর কথা শুনবে। তাঁকে বলুন যেন তিনি আপনাকে শক্তি ও প্রজ্ঞা দেন আপনার অঙ্গীকারের বাধ্য হতে। এটি এই সভার উপসংহার।

সকলের শেষ হয়ে যাবার পর, প্রভুর ভোজে অংশগ্রহণ করুন অথবা একসঙ্গে খাওয়াদাওয়া করুন।


**বিঃদ্রঃ** গাইডবুক পরিশিষ্টে কয়েকটি প্রস্তাবিত অংশের তালিকা আছে যেগুলি আপনার ৩/৩ দল অধ্যয়ন করতে পারে।

# অধিবেশন ০৭

এই অধিবেশনে, আমরা একটি প্রশিক্ষণের চক্রের বিষয় শিখব যার দ্বারা শিষ্যেরা এক থেকে অনেক এবং বিশেষ কাজ থেকে আন্দোলনে পরিণত হতে সাহায্য করে। আমরা ৩/৩ দলের ফরম্যাটও অনুশীলন করব এবং শিখব  আমরা কেমন করে মানুষের সঙ্গে পরিচয় করব যার দ্বারা বৃদ্ধি প্রভাবিত হবে।

## প্রশিক্ষণের চক্র

প্রশিক্ষণের চক্র হল আদর্শ, সহায়তা, দেখা ও চলে যাওয়া, এবং এটি এইভাবে কাজ করেঃ




**মডেল** – মডেল হল কেবল প্রদান করে একটি অনুশীলন অথবা কাজ সম্পাদনের হাতিয়ার। এটি প্রশিক্ষণের চক্রের সংক্ষিপ্ত অংশ। এটি সাধারণত একবারই করা প্রয়োজন হয়। এটি কেবল সচেতনতা সৃষ্টি করে যে একটি অনুশীলন অথবা কাজ সম্পাদনের হাতিয়ার আছে এবং একটি সাধারণ ধারণা দেয় যে সেটি কেমন দেখতে। বারংবার মডেল হয়ে কাউকে সজ্জিত করা কার্যকর উপায় হয় না। তাদের নিজেদের সেই দক্ষতা চেষ্টা করতে দিতে হবে।

একটি শিশু যখন কাউকে সাইকেল চালাতে দেখে, সেটি হল মডেল কালবিভাগ।

**সহায়তা** – সহায়তা হল শিক্ষার্থীকে দক্ষতা অনুশীলন করার অনুমতি দেওয়া। এটি মডেল কালবিভাগ থেকে একটু বেশি সময় নেয়। এতে পরামর্শদাতাকে "হাত-ধরা" প্রয়োজন। পরামর্শদাতাকে নির্দেশ দিতে হবে এবং শিক্ষার্থীকে শিক্ষা দেওয়ার এক সক্রিয় ভূমিকা গ্রহণ করতে হবে। যতক্ষণ না শিক্ষার্থী সম্পূর্ণভাবে উপযুক্ত হচ্ছে ততক্ষণ এই কালবিভাগটি চলে না কিন্তু শুধুমাত্র তারা যখন দক্ষতার মৌলিক বুঝতে পারে সেই পর্যন্ত। যদি এই কালবিভাগটি বেশিক্ষণ চলে, তাহলে শিক্ষার্থীর তার পরামর্শদাতার উপর নির্ভরতা বেড়ে যাবে এবং কখনও পূর্ণ দক্ষতায় এগিয়ে যেতে পারবে না। যখন শিক্ষার্থী অন্যদের জন্য মডেল হওয়া শুরু করবে তখন সহায়তার কালবিভাগটি শেষ হবে।

যখন কোন মা অথবা বাবা সন্তানের সাইকেল ধরে থাকে যখন সে ভারসাম্য রাখার চেষ্টা করে, সেটি সহায়তার কালবিভাগ।

**দেখুন** – দেখা হল সর্বাধিক বড় কালবিভাগ। এটি শিক্ষার্থীর সঙ্গে আরও বেশি পরোক্ষভাবে জড়িত। এটি সকল ক্ষেত্রের নৈপুণ্যের সম্পূর্ণ পারদর্শিতার বিকাশ ঘটায়। প্রথম দুটি কালবিভাগের থেকে এর সময় দশগুন বা তার বেশি হতে পারে। শিক্ষার্থীর যখন নৈপুণ্যের উন্নতি হয়, পরামর্শদাতার সঙ্গে তার যোগাযোগ আর নিয়মিত হয় না। এই কালবিভাগে শিক্ষার্থী ক্রমে ক্রমে তার নৈপুণ্যের প্রতি দায়িত্বশীল ও উদ্যোগী হয়। সাধারণত শিষ্য তৈরির ক্ষেত্রে এই কালবিভাগের শেষ হয় যখন শিক্ষার্থী নৈপুণ্যে সফলতার সঙ্গে উত্তীর্ণ হয়ে চতুর্থ প্রজন্মে তাদের মাধ্যমে যায় যাদের সে শিক্ষা দিচ্ছে।

যখন কোন মা অথবা বাবা সন্তানকে দেখে যে সে যথেষ্ট জ্ঞান লাভ ও নৈপুণ্য অর্জন করেছে এবং তত্ত্বাবধান ছাড়াই সাইকেল চালাতে পারে, এটি হল দেখার কালবিভাগ।

**চলে যাওয়া** - চলে যাওয়া হল এক ধরনের স্নাতকের পর্যায় যখন শিক্ষার্থী পরামর্শদাতার সমকক্ষ হয়। নির্দিষ্ট সময় অন্তর অন্তর তাদের যোগাযোগ থাকবে ও পরামর্শও চলবে যদি শিক্ষার্থী এবং পরামর্শদাতা মধ্যে সমন্বয় থাকে।

যখন কোন মা অথবা বাবা সন্তানকে কোন তত্ত্বাবধান ছাড়াই সাইকেল চালাবার জন্য ছেড়ে দেয়, এটি হল চলে যাওয়ার কালবিভাগ।

## ৩/৩ দলের ফরম্যাট অনুশীলন করুন

**কার্যকলাপ** (৯০ মিনিট) – সমগ্র দলকে পরের ৯০ মিনিট ১৯-২০ পৃষ্ঠায় যে ৩/৩ দলের ফরম্যাট দেওয়া আছে সেটি ব্যবহার করে তাদের নিয়ে ৩/৩ দলের ফরম্যাট অনুশীলন করুন।

- **পিছনে দেখুন** – গত সপ্তাহের অধিবেশনের চ্যালেঞ্জ ব্যবহার করে "বিশ্বস্ততা" অনুশীলন করুন
- **উপরে দেখুন** – আপনার দলে মার্ক ৫:১-২ পড়ুন এবং প্রশ্ন ১-৪ উত্তর দিন
- **সামনে দেখুন** – আপনি কেমন করে বাধ্য হবেন, প্রশিক্ষণ দেবেন এবং অন্যকে বলবেন এইগুলির উন্নতি সাধনের জন্য প্রশ্ন ৫, ৬ ও ৭ ব্যবহার করুন।

**মনে রাখবেন** – প্রত্যেক অধিবেশন যেন আপনার অনুশীলনের সময়ের প্রায় ১/৩ (অথবা ৩০ মিনিট) হয়।

# অধিবেশন ০৮

এই অধিবেশনে, আমরা শিখব যে কম সময়ের মধ্যে কেমন করে নেতৃত্বের গোষ্ঠী অনুগামীদের সারা জীবনের জন্য নেতা হওয়ার জন্য প্রস্তুত করে। আমরা শিখব কেমন করে অন্যদের পরিচর্যা হল নেতৃত্বের জন্য যীশুর কৌশল। আর আমরা আবার দলবদ্ধভাবে ৩/৩ দল অনুশীলন করব।

## নেতৃত্বের গোষ্ঠী

নেতৃত্বের গোষ্ঠী হল ৩/৩ দল যারা কেবল সংক্ষিপ্ত এবং পূর্ব নির্ধারিত সময়ের জন্য মিলিত হয় (যেমন এই ৯টি অধিবেশনের জুমে (ZÚME) প্রশিক্ষণ কোর্স)। এর উদ্দেশ্য হল এক দল মানুষকে প্রস্তুত করা যেন তারা নিজেদের দল স্থাপন করে অথবা প্রশিক্ষণের শেষে আরেকটি নেতৃত্বের গোষ্ঠী তৈরি করে।

এই পদ্ধতি বিভিন্ন পরিস্থিতিতে ব্যবহার করা যেতে পারে। এটি চলমান জনগোষ্ঠীদের মধ্যে ব্যবহার করা যেতে পারে যেমন যাযাবরদের, ছাত্রদের, ইত্যাদি। এটি ব্যবহার করা যেতে পারে সেই সমস্ত মানুষদের মধ্যে যারা খ্রীষ্ট বিশ্বাসী কিন্তু কিছু কারণে তাদের একটি দল করা সম্ভব নয় এবং নতুন দল করার জন্য তাদের প্রশিক্ষণের প্রয়োজন আছে। এটি আরও ব্যবহৃত হতে পারে এমন পরিস্থিতিতে যেখানে অনেক লোক একসঙ্গে বিশ্বাসী হয়েছে এবং যথেষ্ট সময় নেই অথবা সুযোগ নেই ব্যক্তিগতভাবে তাদের সর্বাধিক আশীর্বাদের পথে অথবা অনুরূপ পথে প্রারম্ভিক পরিচর্যা করা।

## আবার ৩/৩ দলের ফরম্যাট অনুশীলন করুন

**কার্যকলাপ** (৯০ মিনিট) – সমগ্র দলকে পরের ৯০ মিনিট ১৯–২০ পৃষ্ঠায় যে ৩/৩ দলের ফরম্যাট দেওয়া আছে সেটি ব্যবহার করে তাদের নিয়ে ৩/৩ দলের ফরম্যাট অনুশীলন করুন।

এই সময়ঃ

- **পিছনে দেখুন** – একে অপরকে পরীক্ষা করতে গত সপ্তাহের অধিবেশনের বাধ্য হওয়া, প্রশিক্ষণ দেওয়া, অন্যকে বলার চ্যালেঞ্জ ব্যবহার করুন।
- **উপরে দেখুন** – আপনার দলে প্রেরিত ২:৪২–৪৭ পড়ুন এবং প্রশ্ন ১–৪ উত্তর দিন
- **সামনে দেখুন** – আপনি কেমন করে বাধ্য হবেন, প্রশিক্ষণ দেবেন এবং অন্যকে বলবেন এইগুলির উন্নতি সাধনের জন্য প্রশ্ন ৫, ৬ ও ৭ ব্যবহার করুন।

অধিবেশনের সর্বসময় নেতৃত্ব পাল্টাবেন যেন প্রত্যেকের নেতৃত্ব দেওয়ার, প্রার্থনা করার অথবা প্রশ্ন জিজ্ঞাস করার সুযোগ হয়। একে অপরকে অনুপ্রাণিত ও প্রশিক্ষণ দিন যে কি ঠিক হচ্ছে, একটু অনুশীলন করলে কি ভালো হতে পারত এবং দলের প্রত্যেক সদস্যের আরও বৃদ্ধির জন্য পরের কি ভালো পদক্ষেপ হবে।

**মনে রাখবেন** – প্রত্যেক অধিবেশন যেন আপনার অনুশীলনের সময়ের প্রায় ১/৩ (অথবা ৩০ মিনিট) হয়।

## অধিবেশন ০৯

এই অধিবেশনে, আমরা শিখব কেমন করে রৈখিক প্যাটার্ন রাজ্যের বৃদ্ধি আটকিয়ে রাখে এবং কেমন করে অ-অনুক্রমিক চিন্তা আপনাকে শিষ্য বৃদ্ধি করতে সাহায্য করে। আমরা আবিষ্কার করব শিষ্য তৈরি করার ক্ষেত্রে সময় কত গুরুত্বপূর্ণ এবং কেমন করে গতি বৃদ্ধি করব। আমরা শিখব কেমন করে যীশুর অনুগামীরা দুইটি মণ্ডলীর অংশ হতে পারে বিশ্বস্ত, আত্মিক পরিবারদের শহর ব্যাপি বিশ্বাসীতে বৃদ্ধি পেতে সাহায্য করার জন্য। পরিশেষে, আমরা শিখি কেমন করে একটি সাধারণ ৩ মাসের পরিকল্পনা আপনার প্রচেষ্টার উপর কেন্দ্র করে ঈশ্বরীয় পরিবারে কার্যকর বৃদ্ধি হতে পারে।

## ৩ মাসের পরিকল্পনা

এখন যখন আপনি কিছু সাধারণ মৌলিক শিষ্য তৈরির পদ্ধতি জানতে পেরেছেন, প্রার্থনায় সময় ব্যয় করুন এবং সুনির্দিষ্টভাবে ঈশ্বরকে জিজ্ঞাস করুন তিনি আপনাকে দিয়ে পরের তিন মাস কি করাতে চান। আপনি যখন সময় নিয়ে তাঁর কাছ থেকে শুনেছেন, নিম্নলিখিত পরিকল্পনাটি পূরণ করুন। আপনার প্রশিক্ষণের অংশীদারকে নিজের পরিকল্পনা জানান এবং বাধ্যবাধকতা পালনের দায়িত্বের খোঁজ খবরের নেওয়ার একটি সময়তালিকা প্রস্তুত করুন যখন আপনি একে অন্যেকে এখন থেকে ১, ২, ৩, ৪, ৬, ৮ এবং ১২ সপ্তাহ পরীক্ষা করবেন।

নিম্ন লিখিত ব্যক্তিদের কাছে আমি আমার গল্প (সাক্ষ্য) এবং ঈশ্বরের গল্প (সুসমাচার) বলবঃ

আমার সঙ্গে বাধ্যবাধকতা পালনের দায়িত্বের দল শুরু করার জন্য আমি নিম্ন লিখিত ব্যক্তিদের আমন্ত্রণ করবঃ

আমি নিম্ন লিখিত ব্যক্তিদের চ্যালেঞ্জ জানাব তাদের নিজস্ব বাধ্যবাধকতা পালনের দায়িত্বের দল শুরু করার জন্য এবং কেমন করে শুরু করবে তার জন্য তাদের প্রশিক্ষণ দেবঃ

আমি নিম্ন লিখিত ব্যক্তিদের আমার সংগে ৩/৩ দল শুরু করতে আমন্ত্রণ করবঃ

আমি নিম্ন লিখিত ব্যক্তিদের চ্যালেঞ্জ জানাব তাদের নিজস্ব ৩/৩ দল শুরু করার জন্য এবং কেমন করে শুরু করবে তার জন্য তাদের প্রশিক্ষণ দেবঃ

আমি নিম্ন লিখিত ব্যক্তিদের ৩/৩ আশা অথবা আবিষ্কারের দলে (পরিশিষ্ট দেখুন) অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ করবঃ

আমি নিম্ন লিখিত ব্যক্তিদের আমার সঙ্গে প্রার্থনা করতে করতে হাঁটাতে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ করবঃ

আমি নিম্ন লিখিত ব্যক্তিদের তাদের গল্প ও ঈশ্বরের গল্প বলতে এবং তাদের সঙ্গে যাদের সম্পর্ক আছে সেই রকম ব্যক্তিদের ১০০ জনের তালিকা প্রস্তুত করতে সাহায্য করবঃ

আমি নিম্ন লিখিত ব্যক্তিদের কিছু দিন অন্তর অন্তর প্রার্থনা চক্র পদ্ধতি ব্যবহার করার জন্য চ্যালেঞ্জ জানাবঃ

আমি প্রার্থনা চক্র পদ্ধতি _________ (দিনে / সপ্তাহে / মাসে) একবার ব্যবহার করব।

আমি _________ (দিনে / সপ্তাহে / মাসে) একবার প্রার্থনা করতে করতে হাঁটব।

আমি যে নেতৃত্বের গোষ্ঠী পরিচালনা করব তাতে অংশ নিতে নিম্ন লিখিত ব্যক্তিদের আমন্ত্রণ করবঃ

জুমে (ZÚME) প্রশিক্ষণ কোর্সে যোগ দেওয়ার জন্য আমি নিম্ন লিখিত ব্যক্তিদের অনুপ্রাণিত করব।

অন্যান্য প্রতিশ্রুতিঃ

## উন্নত প্রশিক্ষণের

## অধিবেশন ১০

এই উন্নত প্রশিক্ষণ অধিবেশনে খুব দ্রুত চেকলিস্ট মূল্যায়ন করে দেখব কেমন করে আমরা কোচিং-এ অংশগ্রহণকারীদের সংখ্যা বৃদ্ধি করতে পারি। আমরা শিখব কেমন করে নেতৃত্বের সমন্বয়ের মাধ্যমে বৃদ্ধিমূলক দলের ছোট মণ্ডলীগুলি একসঙ্গে কাজ করে আরও বেশি উন্নতি সাধন করতে পারবে। আর আমরা শিখব কেমন করে সহকর্মী পরামর্শদাতাদের দল নেতৃত্বকে এক নতুন উচ্চতায় তুলে নিয়ে যেতে পারে।

### কোচিং চেকলিস্ট

কোচিং চেকলিস্ট একটি শক্তিশালী পদ্ধতি যা আপনি ব্যবহার করে শিষ্য তৈরিতে যারা বৃদ্ধি পাচ্ছে তাদের ক্ষেত্রে আপনার নিজের ক্ষমতা এবং দুর্বলতা মূল্যায়ন করতে পারেন। এই পদ্ধতি আপনি ব্যবহার করে অন্যকে সাহায্যও করতে পারেন – এবং অন্যেরাও আপনাকে সাহায্য করতে পারে।

পরবর্তী পদক্ষেপগুলি ব্যবহার করে আপনি দ্রুত (৫ মিনিট বা তারও কম) আত্ম-মূল্যায়ন করুনঃ

- **পদক্ষেপ ১** – চেকলিস্ট-এর বাঁ দিকের কলমের শিষ্য প্রশিক্ষণ পদ্ধতি ভালো করে পড়ুন।
- **পদক্ষেপ ২** – নিম্নলিখিত প্রণালী ব্যবহার করে প্রত্যেকটি প্রশিক্ষণ পদ্ধতিতে দাগ দিনঃ
  - আপনার কাছে যদি পদ্ধতি অপরিচিত হয় অথবা আপনি বুঝতে না পারেন – কালো কলম পরীক্ষা করুন
  - আপনি যদি পদ্ধতি কিছুটা জানেন কিন্তু এই বিষয়ে নিশ্চিত না – লাল কলম পরীক্ষা করুন
  - আপনি যদি পদ্ধতি বুঝতে পারেন এবং মৌলিক বিষয়গুলি প্রশিক্ষণ দিতে পারেন – হলুদ কলম পরীক্ষা করুন
  - আপনি যদি পদ্ধতি সম্বন্ধে সুনিশ্চিত হন এবং কার্যকারীরূপে প্রশিক্ষণ দিতে পারেন – সবুজ কলম পরীক্ষা করুন

**মনে রাখবেন** – নিশ্চিত করে আপনার কোচিং চেকলিস্টের ফল জুমে (ZÚME) কোচকে এবং/অথবা আপনার প্রশিক্ষণের সহকর্মীকে অথবা অন্য পরামর্শদাতাকে বলবেন। যদি আপনি কোচের সাহায্যকারী অথবা কাউকে পরামর্শ দিচ্ছেন, তাকে এই পদ্ধতি সম্বন্ধে বলুন যেন মূল্যায়ন করে জানতে পারেন যে কোন ক্ষেত্রে আপনার নজর এবং প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন।

# প্রশিক্ষণের চেকলিস্ট

কালো – নতুন তথ্য দ্বারা অনুশীলন করা ও বুঝেছে কিনা নিশ্চিত হওয়া

লাল – মৌলিক বিষয় না শেখা পর্যন্ত তাদের সঙ্গে থাকুন

হলুদ – ধারাবাহিক কর্মদক্ষতার প্রতি নজর দেবেন

সবুজ – তাদের ছেড়ে এগিয়ে যান এবং অন্যদের উন্নতি জন্য খুঁজুন

| প্রশিক্ষণের পদ্ধতি | মডেল | সহায়তা | দেখুন | চলে যাওয়া |
|---|---|---|---|---|
| | অসচেতন | অদক্ষ | উপযুক্ত | দক্ষ |
| | কেমন করে পরিকল্পনা করা হয় | | | |
| | পরামর্শদাতা পরিচালনা করেন ও তথ্য দেন | পরামর্শদাতা পরিচালনা ও সমর্থন করেন | পরামর্শদাতা সমর্থন ও অনুপ্রাণিত করেন | পরামর্শদাতা বর্তমান অবস্থার তথ্য নেন |
| | কেমন করে পরিকল্পনা করা হয় | | | |
| | পরামর্শদাতা সিদ্ধান্ত নেন | পরামর্শদাতা আলোচনা করেন, পরামর্শগ্রহণকারী সিদ্ধান্ত নেন | পরামর্শদাতা আলোচনা করেন, পরামর্শগ্রহণকারী সিদ্ধান্ত নেন | পরামর্শদাতা সিদ্ধান্ত নেন |
| শিশু শিষ্যত্ব | | | | |
| আপনার গল্প বলুন (সাক্ষ্য) | | | | |
| ঈশ্বরের গল্প বলুন (সুসমাচার) | | | | |
| সম্পর্কের ধনাধ্যক্ষতা –১০০ জনের তালিকা | | | | |
| গতি | | | | |
| অ-অনুক্রমিক পরিচর্যা কাজ | | | | |
| ৩/৩ দলের ফরম্যাট | | | | |
| সাধারণ মণ্ডলী –ঈশ্বরকে ভালোবাস/অপরকে, শিষ্য তৈরি কর | | | | |
| দুইটি মণ্ডলীর অংশ | | | | |
| প্রশিক্ষণ চক্র | | | | |
| বাধ্যবাধকতা পালনের দায়িত্বের দল | | | | |
| নিজের প্রতিপালন | | | | |
| • প্রত্যেক দিন বাক্য পড়া (বাধ্য) | | | | |
| • প্রার্থনা –কথা বলা ও শোনা (প্রার্থনা চক্র) | | | | |
| • দৈহিক জীবন –সহভাগিতা (একে অন্যের সঙ্গে) | | | | |
| • নিপীড়ন এবং কায়ক্লেশ | | | | |
| কোথায় রাজ্য নেই তা দেখার চোখ | | | | |
| শান্তির মানুষের অন্বেষণ করা (মথি ১০, লূক ১০) | | | | |
| প্রার্থনা করতে করতে হাঁটা | | | | |
| একটি মণ্ডলী হওয়া: | | | | |
| • সহভাগিতা (একে অন্যের সঙ্গে | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| খাওয়াদাওয়া করা) | | | | |
| • প্রশংসা এবং আরাধনা | | | | |
| • বাইবেল (বাধ্য, প্রশিক্ষণ) | | | | |
| • মানুষকে যীশুর বিষয় বলা (বলা) | | | | |
| • বাপ্তিস্ম | | | | |

## সহকর্মী পরামর্শদাতাদের দল

যীশু বলেছিলেন – "এক নূতন আজ্ঞা আমি তোমাদিগকে দিতেছি, তোমরা পরস্পর প্রেম কর; আমি যেমন তোমাদিগকে প্রেম করিয়াছি, তোমরাও পরস্পর প্রেম কর।"

সহকর্মী পরামর্শদাতাদের দল এমন একটি দল যেখানে যারা নেতৃত্ব দেয় এবং যারা ৩/৩ দল শুরু করে তাদের দ্বারা গঠিত। এটি ৩/৩ ফরম্যাটও অনুসরণ করে এবং আপনার অঞ্চলে ঈশ্বরীয় কাজের আত্মিক স্বাস্থ্য কেমন তা পরিমাপ করার এক শক্তিশালী প্রক্রিয়া।

সহকর্মী পরামর্শদাতাদের দল এক একজন যীশুর অনুগামীর, সাধারণ মণ্ডলীর, পরিচর্যার প্রতিষ্ঠানগুলির অথবা বিশ্বব্যাপী সাধারণ মণ্ডলী যারা সারা পৃথিবীতে সমন্বয়ের রক্ষা করে তাদের নেতার সঙ্গে নেতার পরামর্শের পদ্ধতি ব্যবহার করে।

সহকর্মী পরামর্শদাতাদের দলের অংশগ্রহণকারীরা পরিচর্যার ক্ষেত্রে যীশুর কৌশল অনুসরণের উদ্দেশ্য সূচকের প্রতি দৃষ্টি রাখে এবং প্রশ্ন করে ও প্রতিক্রিয়া ব্যক্ত করে। কারো অহংকার বৃদ্ধি করা অথবা কাউকে নিকৃষ্ট মনে করা এই অধিবেশনের উদ্দেশ্য নয়। নির্দেশ এবং অনুপ্রেরণা দাওয়া হল এর উদ্দেশ্য।

এই সাধারণ ফরম্যাট ব্যবহার করুনঃ

**পিছনে দেখুন** (আপনার ১/৩ অংশ সময়)

প্রথম একতৃতীয়াংশে – প্রার্থনা এবং যত্নের জন্য সময় ব্যয় করুন যেমন আপনি করতেন মৌলিক ৩/৩ দলে। তারপর পূর্বের প্রতিশ্রুতিগুলির প্রতি বিশ্বস্ততা এবং দলের দর্শনের দিকে দৃষ্টি দেবেন।

আপনি কত ভালোভাবে খ্রীষ্টেতে আছেন? (শাস্ত্র, প্রার্থনা, আস্থা, বাধ্যতা, মূখ্য সম্পর্কগুলি?) গত অধিবেশনে নেওয়া কাজের পরিকল্পনা কি আপনার দল শেষ করেছে? সেগুলি পর্যালোচনা করুন।

**উপরে দেখুন** (আপনার ১/৩ অংশ সময়)

দলকে নিম্নলিখিত সাধারণ প্রশ্নগুলি নিয়ে আলোচনা করতে বলুনঃ

১। চার ক্ষেত্রের ছবির প্রত্যেক অংশে আপনারা কেমন করছেন?
২। কি ভালো চলছে? আপনার সব থেকে বড় চ্যালেঞ্জ কি?
৩। আপনার বর্তমানের পর্যায়ের ম্যাপ পর্যালোচনা করুন?
৪। আপনাকে কি চ্যালেঞ্জ করেছে অথবা আপনার কি বুঝতে কঠিন মনে হয়েছে?
৫। সম্প্রতি ঈশ্বর আপনাকে কি দেখাচ্ছেন?
৬। পুরাতন নেতা অথবা অন্যদের কি কোন প্রশ্ন আছে?

**সামনে দেখুন** (আপনার ১/৩ অংশ সময়)

দলের সকলের সঙ্গে নিরব প্রার্থনায় সময় কাটান এবং পবিত্র আত্মাকে বলুন যেন তিনি আপনাদের দেখিয়ে দেন কেমন করে এই সকল প্রশ্নের উত্তর দেবেনঃ

৭। পরের বার মিলিত হওয়ার আগে ঈশ্বর আমাকে কোন পরিকল্পনা অথবা লক্ষ অনুশীলন করতে বলছেন? (আপনার কাজে মনসংযোগ করতে সাহায্য করার জন্য চারটি ক্ষেত্রের পদ্ধতি ব্যবহার করুন)

৮। আমার পরামর্শদাতা অথবা অন্য কেউ আমাকে এই কাজে কেমন করে সাহায্য করবে?


পরিশেষে দলবদ্ধভাবে ঈশ্বরের সঙ্গে প্রার্থনার মাধ্যমে কথা বলে সময় কাটান।

ঈশ্বর যেন সেই সকল ব্যক্তির হৃদয় প্রস্তুত করেন যাদের কাছে দলের সকলে যাবে সেই জন্য দলের প্রত্যেক সদস্যদের দিয়ে প্রার্থনা করান।

এই অধিবেশনে ঈশ্বর প্রত্যেক সদস্যকে যা শিখিয়েছেন তা যেন সাহসের সঙ্গে এবং সর্বশক্তি দিয়ে কার্যকর করতে পারে ও বাধ্য হতে পারে সেই কারণে প্রত্যেক সদস্যের জন্য প্রার্থনা করুন। যদি কোন পুরাতন নেতা বিশেষভাবে কোন নতুন নেতার জন্য প্রার্থনার প্রয়োজন আছে বলে মনে করেন, তাহলে এটিই সেই প্রার্থনা করার উপযুক্ত সময়।

যেহেতু এই দলগুলি আনেক দিন বাদে মিলিত হয়, সম্ভবত তারা একসঙ্গে প্রভুর ভোজে অথবা খাবারে অংশগ্রহণ করতে পারে না, কিন্তু সময় করে তাদের সাস্থ্য, পরিবার এবং বন্ধুদের সম্পর্কে নিশ্চিত করে খোঁজ নেবেন।

## চার ক্ষেত্রের লক্ষণের রেখাচিত্র




**সংখ্যা বৃদ্ধির ক্ষেত্র** – কাদের সঙ্গে, কেমন করে ও কখন আপনি বিশ্বস্ত মানুষ ছেঁকে তুলছেন এবং তাদের প্রস্তুত করছেন ও বৃদ্ধি করার দায়িত্ব দিচ্ছেন?


**থালি ক্ষেত্র** – স্বর্গ রাজ্য বিস্তারের জন্য আপনি কোথায় ও কাদের সঙ্গে (কোন জনগোষ্ঠী) যোগাযোগ করার পরিকল্পনা করছেন?


**বীজ বপনের ক্ষেত্র** – কোথায় ও কাদের কাছে আপনি স্বর্গ রাজ্যের সুসমাচারের বিষয় বলছেন? আপনি কেমন করে সেই কাজ করছেন?

**বৃদ্ধির ক্ষেত্র** – এককভাবে ও তাদের স্বাভাবিক সমন্বয়ের ক্ষেত্রে আপনি কেমন করে মানুষকে প্রস্তুত করছেন এবং আত্মিক বৃদ্ধি দিচ্ছেন?

**ফসল তোলার ক্ষেত্র** – নতুন আত্মিক পরিবার (সাধারণ মণ্ডলীগুলি) কেমন করে গঠিত হচ্ছে?

# প্রজন্মের ম্যাপে সাধারণ মণ্ডলীর প্রতিনিধিত্বের ফরম্যাট



# পরিশিষ্ট

## ৩/৩ দলের ক্রম

**আশা ক্রম (অন্বেষীদের জন্য)**

আপনার দলের "উপরে দেখুন"-র অংশের জন্য নিম্ন লিখিত রচনাংশ ব্যবহার করুন। কিছু রচনাংশের জন্য আপনার দলের হয়ত একের অধিক সভার প্রয়োজন হতে পারে।

১। পাপীর জন্য আশাঃ লূক ১৮:৯-১৪
২। গরিবদের জন্য আশাঃ লূক ১২:১৩-৩৪
৩। যারা পালিয়ে গেছে তাদের জন্য আশাঃ লূক ১৫:১১-৩২
৪। যারা হারিয়ে গেছে তাদের জন্য আশাঃ লূক ১৯:১-১০
৫। শোকার্তদের জন্য আশাঃ যোহন ১১:১-৪৪
৬। অন্বেষীদের জন্য আশাঃ যোহন ৩:১-২১

---

**চিহ্ন (অন্বেষীদের জন্য)**

আপনার দলের "উপরে দেখুন"-র অংশের জন্য নিম্ন লিখিত রচনাংশ ব্যবহার করুন। কিছু রচনাংশের জন্য আপনার দলের হয়ত একের অধিক সভার প্রয়োজন হতে পারে।

১। জলকে দ্রাক্ষারস করাঃ যোহন ২:১-১২
২। রাজপুরুষের ছেলেকে সুস্থ করাঃ যোহন ৪:৪৬-৫৪
৩। পক্ষাঘাতগ্রস্ত রোগীকে সুস্থ করাঃ যোহন ৫:১-১৭
৪। পাঁচ হাজার লোককে খাওয়ানোঃ যোহন ৬:১-১৪
৫। জলের উপর দিয়ে হাঁটাঃ যোহন ৬:১৫-২৫
৬। জন্মান্ধকে সুস্থ করাঃ যোহন ৯:১-৪১
৭। লাসারকে মৃত্যু থেকে তোলাঃ যোহন ১১:১-৪৬

---

**চিহ্নিত করা শুরু করুনঃ ইতিমধ্যে যারা খ্রীষ্টিয়ান** অথচ এই রকম দলে আগে কখনও যোগ দেয়নি তাদের জন্য এই প্রথম ৮টি অধিবেশন উপযুক্ত। এই ৮টি অধিবেশনের জন্য অনুশীলনের অংশ চালিত এবং ব্যাপক। পরবর্তী অধিবেশনে ব্যক্তিগতভাবে অনুশীলন শুরু হয়।

### ১। আপনার গল্প বলুন

**উপরে দেখুনঃ** মার্ক ৫:১-২০। ১৮-২০ পদের উপর বিশেষ ধ্যান দেবেন।

**অনুশীলন করুনঃ** আপনার গল্প বলা অনুশীলন করুন – আপনি যখন মানুষকে যীশুর বিষয় বলবেন তখন আপনাকে আপনার গল্প প্রস্তুত করতে হবে এবং নিজেকে প্রস্তুত হতে হবে। এইরকমভাবে আপনি আপনার গল্প বলতে পারেনঃ

- যীশুকে অনুসরণ করার আগে আপনার জীবনের কথা বলুন – আপনার অনুভূতি বর্ণনা করুন (ব্যথা, নিঃসঙ্গতা), প্রশ্ন (মৃত্যুর পরে কি হয়?), অথবা যীশুকে অনুসরণ করার আগে আপনার যন্ত্রণা।

- যীশুর অনুগামী আপনি কেমন করে হলেন সেই কথা বলুন – তাদের যীশুর কথা বলুন! যীশুর অপরিহার্য গল্প হলঃ আমরা সকলে আমাদের পাপের দ্বারা ঈশ্বরকে অসন্তুষ্ট করেছি। আমাদের পাপের জন্য আমাদের মৃত্যু হবে। কিন্তু আমরা মৃত্যু থেকে বাঁচব যখন আমরা যীশুর উপরে আমাদের বিশ্বাস স্থাপন করব, যিনি আমাদের পাপের জন্য মরেছিলেন, কবরস্থ হয়েছিলেন, এবং মৃত্যু থেকে উঠেছিলেন।

- যীশুকে অনুসরণ করার পরে আপনার জীবনের কথা বলুন – তাদের বলুন যীশু কেমন করে আপনার জীবন পরিবর্তিত করেছেন। যীশু যে আনন্দ শান্তি এবং ক্ষমা দিয়েছেন সেই কথা বলুন।

- প্রতিক্রিয়া আহ্বান করুন – আপনার গল্পে একটি প্রতিক্রিয়া আহ্বান করা উচিত। একটি প্রশ্ন দিয়ে শেষ করুন যেটি আপনাকে বুঝতে সাহায্য করবে সেই ব্যক্তির আত্মিক আগ্রহের স্তর। এইরকম কিছু জিজ্ঞাস করুনঃ "আপনি কি জানতে ইচ্ছুক যে আপনি কেমন করে ক্ষমা পেতে পারেন?" অথবা "আপনি কি চান যে ঈশ্বর আপনার জীবন পরিবর্তন করেন?"

- এটি সংক্ষিপ্ত রাখুন (৩ মিনিট বা তার কম) – আপনার গল্প সংক্ষিপ্ত এবং আকর্ষণীয় হওয়া উচিত। ক্লান্তিকর হবেন না এবং আনেক বেশি কথা বলবেন না যাতে শ্রোতা আকর্ষণ হারিয়ে ফেলে।

- আপনার দলের কারো সঙ্গে আপনার গল্প বলা অনুশীলন করুন।

- পাঁচজন মানুষকে বলবার জন্য বাছাই করুন। প্রার্থনা করুন। আপনি যাদের চেনেন এমন ৫জন মানুষকে ঈশ্বরকে দেখাতে বলুন যাদের কাছে তিনি চান যে এই সপ্তাহে আপনি আপনার গল্প বলবেন।

---

**২। যীশুর গল্প বলুন**

**উপরে দেখুনঃ** ১ করিন্থীয় ১৫:১-৮, রোমীয় ৩:২৩, রোমীয় ৬:২৩

**অনুশীলন করুনঃ** আপনার দলের প্রত্যেককে ইভ্যাজিকিউব অথবা অন্য কোন সাধারণ পদ্ধতিতে যীশুর গল্প বলা অনুশীলন করান। এই সপ্তাহে আপনি আপনার এবং যীশুর গল্প ৫ জন মানুষকে বলুন। এই কাজ প্রতি সপ্তাহে করবেন।

---

**৩। অনুসরণ করুন এবং মাছ ধরুন**

**উপরে দেখুনঃ** মার্ক ১:১৬-২০

**অনুশীলন করুনঃ** একটি সাদা কাগজ নিন এবং তাতে আপনার পরিচিত ১০০ জনের নাম লিখুন যাদের আপনি চেনেন (পরিবার, বন্ধুবান্ধব, প্রতিবেশী, সহকর্মী অথবা স্কুলের সাথী) যাদের যীশুর সম্বন্ধে শোনা প্রয়োজন। এই সপ্তাহে আপনি আপনার এবং যীশুর গল্প ৫ জন মানুষকে বলুন। এই কাজ প্রতি সপ্তাহে করবেন।

---

**৪। বাপ্তিষ্ম**

**উপরে দেখুনঃ** রোমীয় ৬:৩-৪; প্রেরিত ৮:২৬-৪০

**অনুশীলন করুনঃ** কাছাকাছি জল খুঁজুন (বাথটব, পুকুর, নদী, দীঘি) এবং সকল নতুন বিশ্বাসীকে বাপ্তিষ্ম দিন। যখনই মানুষ বিশ্বাসী হবে তখনই তাকে বাপ্তিষ্ম দেবেন। বাপ্তিষ্ম সম্বন্ধে আরও জানতে, দেখুন প্রেরিত ২:৩৭-৪১, ৮:৫-১৩, ৮:৩৬-৩৮, ৯:১০-১৯, ১৬:১৩৬-১৫, ১৬:২৭-৩৪, ১৮:৫-৯ এবং ১ করিন্থীয় ১:১০-১৭, প্রেরিত ১৯:১-৫, প্রেরিত ২২:১৪-১৭।

এই সপ্তাহে আপনি আপনার এবং যীশুর গল্প ৫ জন মানুষকে বলুন। এই কাজ প্রতি সপ্তাহে করবেন।

---

**৫। বাইবেল**

**উপরে দেখুনঃ** ২ তিমথীয় ৩:১৪-১৬

**অনুশীলন করুনঃ** ৭টি বাইবেল অধ্যায়নের প্রশ্ন মুখস্থ করে বলুন (প্রশ্ন ১-৭ সাধারণ অধিবেশনের ফরম্যাট অনুসারে)।

এই সপ্তাহে আপনি আপনার এবং যীশুর গল্প ৫ জন মানুষকে বলুন। এই কাজ প্রতি সপ্তাহে করবেন।

---

**৬। ঈশ্বরের সঙ্গে কথা বলুন**

**উপরে দেখুনঃ** মথি ৬:৯-১৩

**অনুশীলন করুনঃ** আপনার হাত ব্যবহার করে শিখুন ঈশ্বরের সঙ্গে কেমন করে কথা বলতে হয়। দল মথি ৬:৯-১৩ পদের যীশুর প্রার্থনা করবে আপনার হাতকে অনুসরণ করে।

১। **হাতের তালু – সম্পর্ক।** হাতের তালু যেমন আমাদের আঙুল এবং বুড়ো আঙুলের ভিত্তি, ঈশ্বরের সঙ্গে একা হল তাঁর সঙ্গে আমাদের ব্যক্তিগত সম্পর্ক। "হে আমাদের স্বর্গস্থ পিতা..." (মথি ৬:৯)

২। **বুড়ো আঙুল – আরাধনা।** বুড়ো আঙুল আমাদের স্মরণ করিয়ে দেয় যে ঈশ্বরের কাছে কিছু চাওয়ার আগে আমাদের তাঁর আরাধনা করতে হবে। "...তোমার নাম পবিত্র বলিয়া মান্য হউক।" (মথি ৬:৯)

**৩। তর্জনী – আত্মসমর্পণ।** আমাদের পরবর্তী কাজ হল নিজেদের জীবন, পরিকল্পনা, পরিবার, আর্থিক সংস্থান, কাজ, ভবিষ্যত, সব কিছু সমর্পণ করা। "তোমার রাজ্য আইসুক, তোমার ইচ্ছা সিদ্ধ হউক..." (মথি ৬:১০)

**৪। মধ্যমা – যাঞ্চা।** আমরা তারপর আমাদের প্রয়োজনের জন্য ঈশ্বরের কাছে যাঞ্চা করি। "আমাদের প্রয়োজনীয় খাদ্য আজ আমাদিগকে দেও।" (মথি ৬:১১)

**৫। অনামিকা – ক্ষমা।** এখন আমরা ঈশ্বরের কাছে আমাদের পাপের ক্ষমা যাঞ্চা করি এবং আমদেরও অন্যদের ক্ষমা করতে হবে। "আমাদের অপরাধ সকল ক্ষমা কর, যেমন আমরাও আপন আপন অপরাধীদিগকে ক্ষমা করিয়াছি।" (মথি ৬:১২)

**৬। কনীনিকা – সুরক্ষা।** আমরা তারপর আমাদের সুরক্ষার জন্য ঈশ্বরের কাছে যাঞ্চা করি। "আর আমাদিগকে পরীক্ষাতে আনিও না, কিন্তু মন্দ হইতে রক্ষা কর।" (মথি ৬:১৩)

**৭। বুড়ো আঙুল (আবার)** – আরাধনা। আমরা যেমন শুরু করেছিলাম তেমনি শেষ করব – আমরা সর্বশক্তিমান ঈশ্বরের আরাধনা করি – "কারণ রাজ্য, পরাক্রম ও মহিমা যুগে যুগে তোমার। আমেন।" (মথি ৬:১৩)

এই সপ্তাহে আপনি আপনার এবং যীশুর গল্প ৫ জন মানুষকে বলুন। এই কাজ প্রতি সপ্তাহে করবেন।

---

## ৭। কঠিন সময়

**উপরে দেখুনঃ** প্রেরিত ৫:১৭–৪২; মথি ৫:৪৩–৪৪


**অনুশীলন করুনঃ** আপনার নতুন বিশ্বাসের জন্য আপনি যে সমস্যার সম্মুখীন হয়েছেন তার একটি আপনার দলকে বলুন; যে সমস্যার সম্মুখীন আপনি হতে পারেন সেটিও বিবেচনা করুন; অভিনয় করে দেখান আপনার প্রতিক্রিয়া কেমন হবে – সাহসিকতা ও প্রেম সহকারে – যেমন যীশু শিখিয়েছেন। প্রয়োজন অনুসারে প্রার্থনা করুন। তাদের বলা হয়ে গেলে প্রত্যেকের জন্য প্রার্থনা করুন। এই সপ্তাহে আপনি আপনার এবং যীশুর গল্প ৫ জন মানুষকে বলুন। এই কাজ প্রতি সপ্তাহে করবেন।

---

## ৮। মণ্ডলী হোন

**উপরে দেখুনঃ** প্রেরিত ২:৪২–৪৭; ১ করিন্থীয় ১১:২৩–৩৪

**অনুশীলন করুনঃ** শাস্ত্রাংশে মণ্ডলীর যে বর্ণনা দেওয়া হয়েছে সেই অনুসারে আপনার দলের সঙ্গে আলোচনা করুন তাদের কি করা উচিত। দল হিসাবে, একটি সাদা কাগজে, আপনার দল বুঝাতে ফুটকি দ্বারা একটি বৃত্ত আঁকুন। তার উপরে তিনটি সংখ্যা লিখুনঃ (জল)।



আপনার দল যদি প্রতিজ্ঞাবদ্ধ হয়ে থাকে, বৃত্তের ফুটকিগুলি জুড়ে দিন। আপনি যদি নিম্নের প্রত্যেকটি অঙ্গ অনুসরণ করে থাকেন, তাহলে আপনার বৃত্তের মধ্যে অঙ্গগুলির ছবি আঁকুন। আপনি যদি কোন অঙ্গ না করে থাকেন অথবা অপেক্ষা করছেন যে বাইরে থেকে কেউ এসে সেটি করবেন, তাহলে সেই অঙ্গটি বৃত্তের বাইরে রাখুন।



১। মণ্ডলীর প্রতি প্রতিজ্ঞাবদ্ধঃ ফুটকির রেখা থেকে সম্পূর্ণ রেখা।
২। বাপ্তিস্ম – জল
৩। বাইবেল – বই
৪। যীশুকে স্মরণ করা রুটি এবং জল – কাপ
৫। সহভাগিতা – হৃ য়
৬। দান করা এবং পরিচর্যা – অর্থের চিহ্ন
৭। প্রার্থনা – প্রার্থনার হাত
৮। প্রশংসা – উত্থাপিত হাত
৯। মানুষকে যীশুর বিষয় বলা – বন্ধু বন্ধুর হাত ধরে আছে

১০। তাকে বিশ্বাসে পরিচালিত করা
১১। নেতৃবৃন্দ – দুটি হাসি হাসি মুখ

আপনার দলের কি নেই যা একটি স্বাস্থ্যকর মণ্ডলী গড়তে সাহায্য করবে?

এই সপ্তাহে আপনি আপনার এবং যীশুর গল্প ৫ জন মানুষকে বলুন। এই কাজ প্রতি সপ্তাহে করবেন।

---

**এর পর কি?**
৩/৩ আবিষ্কার পুস্তিকা অথবা শক্তিশালী করার পুস্তিকা পড়ুন অথবা বাইবেলের একটি বই নির্বাচন করুন যেমন যোহন অথবা মার্ক (প্রত্যেক অধিবেশনে কেবল একটি গল্প নির্বাচন করুন।

---

**আবিষ্কার পাঠ্যবই**
(যে দলের বাইবেলের পটভূমি এবং ঘনিষ্ঠতা প্রয়োজন)

আপনার দলের জন্য "উপরে দেখুন" অংশের নিম্নলিখিত শাস্ত্রগুলি ব্যবহার করুন। কয়েকটি শাস্ত্রের অংশের জন্য আপনার দলের হয়ত একের অধিক অধিবেশনের প্রয়োজন হতে পারে।

---

**ঈশ্বরকে আবিষ্কার** – ঈশ্বর কে এবং তিনি কেমন

১। সৃষ্টি – আদিপুস্তক ১
২। মানুষকে সৃষ্টি - আদিপুস্তক ২
৩। মানুষের অবাধ্যতা - আদিপুস্তক ৩
৪। নোহ এবং জল প্লাবন - আদিপুস্তক ৬:৫-৮:১৪
৫। নোহের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞা – আদিপুস্তক ৮:১৫-৯:১৭
৬। ঈশ্বর অব্রাহামের সঙ্গে কথা বলেন – আদিপুস্তক ১২:১-৭; ১৫:১-৬
৭। দায়ূদ অব্রাহামের বংশধরদের রাজা হন – ১ শমূয়েল ১৬:১-১৩; ২ শমূয়েল ৭:১-২৮
৮। রাজা দায়ূদ এবং বথসেবা - ২ শমূয়েল ১১:১-২৭
৯। নাথনের গল্প - ২ শমূয়েল ১২:১-২৫
১০। ঈশ্বর প্রতিজ্ঞা করেন যে ত্রাণকর্তা আসবেন – যিশাইয় ৫:৩

**যীশুকে আবিষ্কার করুন** – যীশু কে এবং তিনি কেন এসেছিলেন
১। ত্রাণকর্তা জন্মেছেন – মথি ১:১৮-২৫
২। যীশুর বাপ্তিস্ম - মথি ৩:৭-৯, ১৩-১৫
৩। ভূতগ্রস্ত ব্যক্তি সুস্থ হয় – মার্ক ৫:১-২০
৪। যীশু কখনও মেষদের হারান না – যোহন ১০:১-৩০

৫। যীশু অন্ধকে সুস্থ করেন – লূক ১৮:৩১-৪২
৬। যীশু এবং সক্কেয় – লূক ১৯:১-৯
৭। যীশু এবং মথি - মথি ৯:৯-১৩
৮। যীশুই একমাত্র পথ – যোহন ১৪:১-১৫
৯। পবিত্র আত্মা আসছেন - যোহন ১৬:৫-১৫
১০। শেষ ভোজ - লূক ২২:১৪-২০
১১। গ্রেপ্তার এবং বিচার - লূক ২২:৪৭-৫৩; ২৩:১৩-২৪
১২। প্রাণদণ্ড - লূক ২৩:৩৩-৫৬
১৩। যীশু জীবিত আছেন -লূক ২৪:১-৭, ৩৬-৪৭; প্রেরিত ১:১-১১
১৪। বিশ্বাস করা এবং করা – ফিলিপীয় ৩:৩-৯

---

**শক্তিশালী পাঠ্যবই**
(নেতুন বিশ্বাসী অথবা যে দলের শিষ্যত্বের উপর গুরুত্ব দেওয়ার প্রয়োজন আছে তাদের জন্য)

যীশু বলছেন – যীশুর মৌলিক আজ্ঞাগুলি্র বাধ্য হতে শিখুন। আপনার তালিকা অনুসারে মানুষের কাছে যীশুর কথা বলুন।

**১.১** শিখুন এবং করুন - যোহন ১৪:১৫-২১!
**১.২** অনুতাপ, বিশ্বাস, অনুসরণ - মার্ক ১:১৪-১৭, ইফিষীয় ২:১-১০
**১.৩** বাপ্তাইজিত হন - মথি ২৮:১৯, প্রেরিত ৮:২৬-৩৮
**১.৪** ঈশ্বরকে ভালোবাসুন, মানুষকে ভালোবাসুন – লূক ১০:২৫-৩৭

---

**যীশু আরও বলছেন** – যীশুর মৌলিক আজ্ঞাগুলি্র বাধ্য হতে শিখুন। আপনার তালিকা অনুসারে মানুষের কাছে যীশুর কথা বলুন।

**২.১** ঈশ্বরের সঙ্গে কথা বলুন - মথি ৬:৯-১৩। যীশুর আদর্শ প্রার্থনা শিখুন এবং অনুশীলন করুন
**২.২** যীশুকে স্মরণ করুন – লূক ২২:১৪-২০, ১ করিন্থীয় ১১:২৩-৩২
**২.৩** দান করুন – প্রেরিত ৪:৩২-৩৭
**২.৪** অন্যকে দিন – মথি ২৮:১৮-২০

---

অনুসরণ করুন যেমন আমি অনুসরণ করছি – আপনি যা শিখেছেন সেগুলি অন্যকে দিন। এই মানুষদের শিখান যেন তারাও অন্যকে দেয়।

**৩.১** একজন শিষ্য খুঁজুন - ২ তীমথিয় ১:১-১৪

**৩.২** অন্যকে দিন – ২ তীমথিয় ২:১-৪, ১৪-১৬
**৩.৩** তাদের শিক্ষা দিন যেন তারা আবার অন্যকে শিক্ষা দেয় - ২ তীমথিয় ৩:১-১৭
**৩.৪** কঠিন সময় - ২ তীমথিয় ৪:১-২২

---

**আপনার ৩/৩ দল বৃদ্ধি করুন** – আপনার শিষ্যদের জড়ো করে নতুন দল গঠন করুন।

**৪.১** শুরু করুন এবং একটি পরিকল্পনা তৈরি করুন – লূক ১০:১-১১। আপনার নতুন দল গঠন করার সময় যীশুর নির্দেশাবলী শুনুন।
**৪.২** একত্র হন – প্রেরিত ২:১৪-৪৭
**৪.৩** শান্তির মানুষ – মার্ক ৫:১-২০, ৬:৫৩-৫৬। যীশুর গল্প যারা বলতে চায় তাদের খুঁজুন। সেই ব্যক্তিকে ও তাদের বন্ধুবান্ধব এবং আত্মিয়দের নিয়ে একটি নতুন দল শুরু করুন।
**৪.৪** কে তৈরি - মথি ১৩:১-৯, ১৮-২৩

---

**নেতৃত্ব** – ৩/৩ দলকে কেমন করে নেতৃত্ব দিতে হয় শিখুন।

**৫.১** আদর্শ (এই রকম আদর্শে নেতৃত্ব দিন) – যোহন ১৩:১-১৭
**৫.২** আদর্শ (এই রকম আদর্শে নেতৃত্ব দেবেন না) – ৩ যোহন ৫-১৪
**৫.৩** সাহায্য - মার্ক ৪:৩৫-৪১
**৫.৪** দেখা – লূক ১০:১-১১, ১৭, ২০
**৫.৫** ছাড়া - মথি ২৫:১৪-৩০

---

**যাওয়াঃ** স্থানীয় – শিখুন আপনার স্থানীয় সম্প্রদায় কাছে কেমন করে পৌঁছাবেন।

**৬.১** যাওয়াঃ স্থানীয় – প্রেরিত ১:১-৮
**৬.২** দরিদ্রদের সাহায্য করুন। সুসমাচার বলুন – লূক ৭:১১-২৩
**৬.৩** ঈশ্বর যেখানে পাঠান সেখানে যান – প্রেরিত ১০:৯-৪৮
**৬.৪** একটি পরিকল্পনা আনুসারে চলুন – প্রেরিত ১৩:১-৩, ৩২-৩৩, ৩৮-৩৯; ১৪:২১-২৩, ২৬-২৭

---

**যাওয়াঃ** বিশ্বব্যাপী – শিখুন কেমন করে পৃথিবীর প্রান্ত পর্যন্ত পৌঁছাবেন।

**৭.১** যাওয়াঃ বিশ্বব্যাপী – প্রেরিত ১:১-৮, মথি ২৮:১৯-২০
**৭.২** ঈশ্বর যেখানে পাঠান সেখানে যান – প্রেরিত ৮:২৬-৩৮
**৭.৩** ঈশ্বর প্রত্যেক জনগোষ্ঠীকে ভালোবাসেন – যোহন ৪:৪-৩০, ৩৯-৪১
**৭.৪** একটি পরিকল্পনা আনুসারে চলুন – প্রেরিত ১৩:১-৩, ৩২-৩৩, ৩৮-৩৯; ১৪:২১-২৩, ২৬-২৭

---

মৌলিক বিষয়গুলি মনে রাখবেন। আপনি যখন মিলিত হবেন তখন কি করবেন তা শিখুন।

**৮.১** যীশুই প্রথম – ফিলিপীয় ২:১-১১
**৮.২** ঈশ্বরের সঙ্গে কথা বলুন – মথি ৬:৯-১৩
**৮.৩** সম্প্রদায় – ইব্রীয় ১০:২৩-২৫
**৮.৪** বাইবেল - ২ তীমথিয় ৩:১০-১৭

---

**সমর্পণ** – শক্তিশালী থাকতে শিখুন এবং যীশুকে অনুসরণ করতে থাকুন।

**৯.১** অবাধ্যতা – যোনা ১
**৯.২** সমর্পণ - যোনা ২
**৯.৩** বাধ্যতা - যোনা ৩
**৯.৪** সারাক্ষণ বাধ্যতা - যোনা ৪
**৯.৫** এটি ব্যবহার করুন অথবা এটি হারান – মথি ২৫:১৪-৩০

**এর পরে কোথায়?**

আপনি নিজে বাইবেলের অংশগুলি বেছে নেবেন এবং মিলিত হতে থাকুন। একই প্রশ্ন এবং দলের মিলিত হওয়ার ফরম্যাট ব্যবহার করবেন। মিলিত হওয়া বন্ধ করবেন না।

শিষ্য বৃদ্ধি করা